


বেলাশেষে।। মিরিকে ছবিটি তুলেছেন ইসলামপুরের আব্দুল মাতিন।

পাঠকের লেন্সে
8597258697
picforubs@gmail.com

# পথ দুর্ঘটনায় মৃত্যু দুই ভাইয়ের

**ইসলামপুর, ৫ ডিসেম্বর** : জলসা দেখে বাইকে বাড়ি ফেরার পথে বুধবার রাত ১১টা নাগাদ ইসলামপুর থানার পাটাগোড়া এলাকায় পথ দুর্ঘটনায় মৃত্যু হয়েছে দুই ভাইয়ের। মৃতদের নাম মহম্মদ মিরাজ (২২) এবং উমর আলি (২১)। তাঁরা দুজনেই ইসলামপুর ব্লকের রাজুবস্তি এলাকার বাসিন্দা। সম্পর্কে তুতো ভাই।

সেদিন রাতে কুয়াশার কারণে দৃশ্যমানতা কম থাকায় কোনও গাড়ির ধাক্কায় এই দুর্ঘটনা ঘটেছে বলে আশঙ্কা করা হচ্ছে। প্রথমে স্থানীয়রা দুজনকে রাস্তার ধারে পড়ে থাকতে দেখে পুলিশে খবর দেন। পুলিশ এসে আহতদের উদ্ধার করে ইসলামপুর মহকুমা হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক দুজনকেই মৃত বলে ঘোষণা করেন। এরপর দেহগুলি ময়নাতদন্তের জন্য ইসলামপুর মর্গে পাঠায় পুলিশ। বৃহস্পতিবার ময়নাতদন্তের পর পরিবারের হাতে দেহ দুটি তুলে দেওয়া হয়।

মিরাজের ভাই মহম্মদ শাহবাজের কথায়, 'দাদা সকালেই মাকে ডাক্তার দেখিয়ে বাড়িতে পৌঁছে দিয়ে যান। আমি একসঙ্গে দুজন দাদাকে হারালাম।'

ইসলামপুরের ডিএসপি (ট্রাফিক) উদয় তামাং বলেন, 'দুর্ঘটনার কারণ খতিয়ে দেখা হচ্ছে। কুয়াশার কারণে দুর্ঘটনা এড়াতে গ্রামের বিভিন্ন মোড় এবং দুর্ঘটনাপ্রবণ এলাকায় রাস্তার পাশের পিলারে হাইলাইটার স্টিকার লাগানোর উদ্যোগ নেওয়া হচ্ছে।'

হুজুগে ট্রেকিংয়ে বিপদ বাড়ছে সান্দাকফুতে। ভারত-নেপাল সীমান্ত লাগোয়া নো ম্যানস ল্যান্ডে গজিয়ে ওঠা হোটেল, রিসর্ট বা হোমস্টেগুলিতে রাতভর ডিজে বাজিয়ে মস্তি চলছে। পরপর পর্যটকের মৃত্যুতে প্রশাসনিক নজরদারি নিয়ে প্রশ্ন উঠছে। ট্রেকিংয়ের জন্য বিশ্বখ্যাত সান্দাকফুতে আম পর্যটকদের যাতায়াত নিয়ে শঙ্কিত পর্যটন মহল।

# বিপদ ঘনাচ্ছে সান্দাকফুতে

হুজুগের ট্রেক

সানি সরকার

**শিলিগুড়ি, ৫ ডিসেম্বর** : কোনওটার মাথায় নীল রং, কোনওটার আবার লাল। পাহাড়চূড়ায় সারি সারি ঘর দূর থেকেই স্পষ্ট। সেই হোটেল বা রিসর্টগুলি থেকে আবার পরিষ্কার দেখা যায় নেপালের মাইপোখরি এবং ভারতের বিকেভঞ্জন। তাৎপর্যপূর্ণভাবে ভারত-নেপাল সীমান্ত লাগোয়া টুমলিং, মাইমাজুয়া, মাইপোখরিতে গজিয়ে ওঠা হোটেল, রিসর্ট বা হোমস্টেগুলিতে রাতভর ডিজে বাজিয়ে মস্তি চললেও, কোনও পদক্ষেপ করা হচ্ছে না। 'নো ম্যানস ল্যান্ড'-এও মাথা তুলে দাঁড়াচ্ছে একের পর এক হোটেল বা রিসর্ট।

দিনের আলোয় নিঝুম থাকা এই হোটেল, রিসর্টগুলি জেগে উঠছে রাত বাড়ার সঙ্গে সঙ্গে। রাতভর চলে মৌজমস্তি। যা বিপদ ডেকে আনছে সান্দাকফুর। জীববৈচিত্র্যের ভারসাম্য হারানোয়, রেড পান্ডার আবাসভূমি হিসাবে খ্যাত সিঙ্গালিলা ন্যাশনাল পার্কে কমছে রেড পান্ডা সহ অন্য জীবজন্তুর অস্তিত্ব। কিন্তু দিনের পর দিন এই 'অরাজকতা' চললেও, কোনও পদক্ষেপ নেই।

কিন্তু কেন এমন উদাসীনতা? গোর্খাল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশনের (জিটিএ) অ্যাডভেঞ্চার ট্যুরিজমের কোঅর্ডিনেটর দাওয়া শেরপার জবাব, 'অনেক রাত পর্যন্ত গানবাজনা হচ্ছে, আমাদের কানেও এমন অভিযোগ এসেছে। কিন্তু আমাদের অংশে এমন কিছু হচ্ছে না। সমস্ত কিছুই হচ্ছে নেপাল পার্টে। যার জন্য কোনও পদক্ষেপ করা সম্ভব হচ্ছে না।' এক প্রশ্নের জবাবে অবশ্য তিনি জানান, বিষয়টি নিয়ে তাঁদের তরফে এসএসবির সঙ্গে কথা বলা হবে। পর্যটন মহল বলছে, দ্রুত পদক্ষেপ না করলে, ভবিষ্যতে ভয়ংকর দিন দেখতে হবে।

হোটেল-রিসর্টে পর্যটকদের আনাগোনা বাড়ায় পথ হারাচ্ছে সান্দাকফু। ট্রেকিংয়ের জন্য বিশ্বখ্যাত পাহাড়চূড়ায় এখন বিপদ পদে পদে। অ্যাডভেঞ্চার ট্যুরিজমের নেশায় একটা সময় যে সান্দাকফুতে ভিড় জমাতেন দেশ-বিদেশের ট্রেকাররা, এখন তা হয়ে উঠেছে আম পর্যটকদের নিছক পর্যটনের জায়গা। তাছাড়া বেড়াতে এসে মস্তির জায়গা হিসাবেও বেছে নিচ্ছেন অনেকে।

হাঁটাপথে দেদার গাড়ির চাকা গড়ানোয় দিন-দিন এখানে ভিড় বাড়ছে পর্যটকদের। সান্দাকফুর ভারতীয় ট্রেক রুট হল মানেভঞ্জন, চিত্রে, লামেধুরা, কাইয়াকাটা, মেঘমা, টমলু, টুমলিং (নেপাল), গৌরীবাস, কালাপোখরি, বিকেভঞ্জন এবং সান্দাকফু। জানা যাচ্ছে, অনেক পর্যটকই নেপালের টুমলিংয়ে পৌঁছে সেখানকার হোটেল বা হোমস্টেতে রাত কাটাচ্ছেন। এখানকার একটি হোটেলেই মঙ্গলবার



টুমলিংয়ে গজিয়ে ওঠা হোটেল, রিসর্ট ও হোমস্টে।

রাতে অসুস্থ হওয়ার পর মারা যান দমদমের দুর্গানগরের বাসিন্দা অঙ্কিতা ঘোষ।

অনেকে আবার চলে যাচ্ছেন নেপালের মাইমাজুয়া বা গরুওয়ালে। ট্রেকারদের থাকার জন্য সুভাষ ঘিসিংয়ের জমানায় টমলু, গৌরীবাস, ফালুট এবং সান্দাকফুতে তৈরি করা হয়েছিল ট্রেকার্স হাট। হাটগুলি সম্প্রতি সংস্কার করেছে জিটিএ। ভারতীয় রুটেই যখন জায়গা রয়েছে থাকার, তখন কেন রাত কাটাতে নেপালে ছুটছেন ট্রেকার-পর্যটকরা?

ইস্টার্ন হিমালয়া ট্রাভেলস অ্যান্ড ট্যুর অপারেটর্স অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক দেবাশিস চক্রবর্তীর বক্তব্য, 'দিন-দিন পর্যটকের সংখ্যা বাড়ছে। সেই তুলনায় ট্রেকার্স হাটের সংখ্যা বাড়েনি। মূলত থাকার জায়গার অভাবের জন্যই অনেকে নেপালকে বেছে নিচ্ছেন।'

পর্যটন ব্যবসায়ী দেবাশিস মৈত্রর অবশ্য অভিযোগ, 'ট্রেকিংয়ের জন্য যাঁরা সান্দাকফুতে আসেন, তাঁরা ট্রেকার্স হাটেই থাকার চেষ্টা করেন। কিন্তু এমন অনেকেই আছেন, যাঁরা সান্দাকফুকে নিছক বেড়ানোর জায়গা ভাবেন এবং রাতভর মস্তি করতে চান, তাঁরা হোটেল, হোমস্টের খোঁজ করেন। অনেক ক্ষেত্রে বিপদও ডেকে আনেন।'

হিমালয়ান হসপিটালিটি অ্যান্ড ট্যুরিজম ডেভেলপমেন্ট নেটওয়ার্কের যুগ্ম সম্পাদক তন্ময় গোস্বামী মনে করছেন, 'অনেকের কাছেই এখন সান্দাকফু ওয়ান ডে ট্যুরিজম ডেস্টিনেশন হয়ে দাঁড়িয়েছে। গাড়ি করে যাবেন, মজা করে ফিরে আসবেন। আর তা করতে গিয়েই তাঁরা জীবন বাজি রাখছেন। এই প্রবণতা বন্ধ করতে এখনই বিধিনিষেধ কার্যকর করা উচিত সরকারের।'

(চলবে)

**বিপদ**

- ভারত-নেপাল সীমান্তে গজিয়ে উঠেছে হোটেল, রিসর্ট ও হোমস্টে
- সেখানে রাতভর ডিজে বাজিয়ে চলছে মস্তি
- পর্যটকদের অত্যধিক আনাগোনায় পথ হারাচ্ছে সান্দাকফু
- দ্রুত পদক্ষেপ না করলে, ভবিষ্যতে ভয়ংকর দিন দেখতে হবে বলে আশঙ্কা

আগের পারিশ্রমিক না মেলায় ক্ষোভ

# অডিটকর্মীদের প্রশিক্ষণ শুরু



নকশালবাড়ি বিডিও অফিসে চলছে প্রশিক্ষণ।

**নকশালবাড়ি, ৫ ডিসেম্বর** : শিলিগুড়ি মহকুমার চারটি ব্লকে বৃহস্পতিবার থেকে শুরু হল মিড-ডে মিল এবং র‍্যাশন দোকানের সোশ্যাল অডিটের প্রশিক্ষণ। মহকুমায় মোট ১১৮ জন অডিটকর্মী এই প্রশিক্ষণ নিচ্ছেন। এর মধ্যে নকশালবাড়ি ব্লকের ৩০ জন অডিটকর্মী রয়েছেন। নকশালবাড়ি ব্লকের জন্য প্রশিক্ষণ শুরু হয়েছে নকশালবাড়ি বিডিও অফিসের এমজিএনআরইজিএ ভবনের মিটিং হলে। আগের অডিটের পারিশ্রমিকের টাকা না পাওয়ায় এদিন প্রশিক্ষণ আধিকারিকরা গ্রামীণ সম্পদকর্মীদের ক্ষোভের মুখে পড়েন।

প্রথম ধাপে শিলিগুড়ি মহকুমার ৪০টি স্কুল এবং শিলিগুড়ি পুরনিগমের ২৫টি স্কুলে মিড-ডে মিলের সোশ্যাল অডিট করার নির্দেশিকা রাজ্য সোশ্যাল অডিট বিভাগ দিয়েছে। অন্যদিকে, র‍্যাশন দোকানের অডিট থেকে বাদ দেওয়া হয়েছে শিলিগুড়ি পুরনিগমের র‍্যাশন দোকানগুলিকে। শুধুমাত্র শিলিগুড়ি মহকুমা পরিষদের চারটি ব্লকের ৫৩টি র‍্যাশন দোকানে এই সোশ্যাল অডিট করার নির্দেশিকা জারি করা হয়েছে। এর মধ্যে খড়িবাড়ি ব্লকে ১৫টি, নকশালবাড়ি ব্লকে ২০টি, ফাঁসিদেওয়া ব্লকে ৭টি, মাটিগাড়া ব্লকের ১১টি দোকান রয়েছে। মিড-ডে মিল এবং র‍্যাশন দোকানগুলির দুর্নীতি রুখতেই এই অডিট বলে জানা গিয়েছে। নির্দেশিকা অনুযায়ী চলতি বছরের ১৬ ডিসেম্বর থেকে অডিট শুরু হয়ে ১১ ফেব্রুয়ারি পর্যন্ত চলবে। ২০২৪-২০২৫ আর্থিক বছরে এই অডিট রিপোর্ট তুলে ধরা হবে।

এদিকে প্রশিক্ষণ নিতে আসা গ্রামীণ সম্পদকর্মীদের অভিযোগ, এর আগে প্রধানমন্ত্রী আবাস যোজনা, ১০০ দিনের কাজের অডিট এবং সমগ্র শিক্ষা মিশনের অডিটের কাজ করেও পারিশ্রমিক গত দু'বছর ধরে আটকে রয়েছে। আগের পারিশ্রমিকের টাকা না দিয়েই এবছর আবার নতুন করে অডিট করার নির্দেশিকা দেওয়া হয়েছে। এই নিয়ে একাধিকবার সভাধিপতি, সোশ্যাল অডিট বিভাগকে ডেপুটেশন দেওয়া হলেও কোনও কাজ হয়নি।

বিষয়টি নিয়ে শিলিগুড়ি মহকুমার সোশ্যাল অডিট বিভাগের কোঅর্ডিনেটর সঞ্জয় বসু বলেন, 'মহকুমাজুড়ে তিনটি প্রকল্পের সোশ্যাল অডিটের প্রায় ১৯ লক্ষ টাকার ফান্ড আটকে রয়েছে। আমরা এই নিয়ে রাজ্যের ডিরেক্টরকে চিঠি দিয়েছি। নতুন করে র‍্যাশন এবং মিড-ডে মিলের অডিট শুরু হয়েছে তাই কিছু বলতে পারব না।'

**বিবরণ**

- শিলিগুড়ি মহকুমার মোট ১১৮ জন অডিটকর্মীর প্রশিক্ষণ শুরু হয়েছে
- প্রথম ধাপে মহকুমার ৪০টি স্কুল ও শিলিগুড়ি পুরনিগমের ২৫টি স্কুলে অডিট হবে
- মহকুমার ৫৩টি র‍্যাশন দোকানে এই অডিট করা হবে
- খড়িবাড়ি ব্লকের ১৫টি, ফাঁসিদেওয়ায় ৭টি, মাটিগাড়ায় ১১টি ও নকশালবাড়ির ২০টি র‍্যাশন দোকানে অডিট হবে
- ২০২৪-২০২৫ আর্থিক বছরে এই অডিট রিপোর্ট পেশ করা হবে

বাংলাদেশ বয়কটের ডাক হিন্দু জাগরণ মঞ্চের

# হোটেল, নার্সিংহোম বিবেচনা করবে

সাগর বাগচী

**শিলিগুড়ি, ৫ ডিসেম্বর** : সাংবাদিক বৈঠক করে বৃহস্পতিবার শহরের হোটেল, নার্সিংহোমে বাংলাদেশি নাগরিকদের পরিষেবা না দেওয়ার আবেদন জানাল হিন্দু জাগরণ মঞ্চ। বিষয়টি নিয়ে মঞ্চের তরফে শিলিগুড়ি হোটেল মালিকদের সংগঠন ও নার্সিংহোমগুলিতে চিঠি দেওয়া হচ্ছে। ইতিমধ্যে বাংলাদেশের নাগরিকের ভিসা বাতিলের দাবিতে সংগঠনের তরফে কেন্দ্রীয় সরকারকে চিঠি দেওয়া হয়েছে। শিলিগুড়ির হোটেল মালিকদের সংগঠন হিন্দু জাগরণ মঞ্চের আবেদন গুরুত্ব দিয়ে দেখা হবে বলে জানিয়েছে।

হিন্দু জাগরণ মঞ্চের শিলিগুড়ি মহানগরের সংযোজক অমিত কুমারের কথায়, 'বাংলাদেশে পণ্য পাঠানো এমনিতেই কমে গিয়েছে। সেটা একেবারে বন্ধ করে দিতে হবে। পাশাপাশি ওই দেশের নাগরিকদের সমস্ত ভিসা দেওয়া বন্ধ করে দিতে হবে। যেভাবে বাংলাদেশে ইসকনের সন্ন্যাসী চিন্ময় কৃষ্ণদাসকে জেলবন্দি করে রেখেছে তার তীব্র প্রতিবাদ জানাই।' অমিতের সংযোজন, 'হিন্দুদের ওপর আক্রমণ বন্ধ এবং চিন্ময় কৃষ্ণদাসের নিঃশর্ত মুক্তি না হওয়া পর্যন্ত বাংলাদেশের সঙ্গে সমস্ত সম্পর্ক ছিন্ন করে দেওয়া উচিত।'

ওপার বাংলায় হিংসাত্মক পরিস্থিতির জেরে এমনিতে বাংলাদেশি নাগরিকদের এদেশে আসা কমে গিয়েছে। মালদাতে হোটেল মালিক সংগঠনগুলি বাংলাদেশি নাগরিকদের বয়কট করেছে। তবে শিলিগুড়ির হোটেল ব্যবসায়ীরা এখনও সেই পথে হাঁটেননি। গ্রেটার শিলিগুড়ি হোটেলিয়ার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের যুগ্ম সম্পাদক উজ্জ্বল ঘোষের বক্তব্য, 'এখনও হিন্দু জাগরণ মঞ্চের তরফে কোনও চিঠি পাইনি। তবে মঞ্চের তরফে বাংলাদেশি নাগরিকদের পরিষেবা না দেওয়ার বিষয়ে যে আবেদন করা হয়েছে, তা কমিটিতে আলোচনা করে সিদ্ধান্তের কথা জানানো হবে। মঞ্চের তরফে যে আবেদন করা হয়েছে, তা যুক্তিসংগত।'

বাংলাদেশে সংখ্যালঘুদের ওপর আক্রমণের ঘটনা লাগাতার বেড়েই চলেছে। এমন পরিস্থিতিতে উত্তরবঙ্গজুড়ে বিভিন্ন জায়গায় বাংলাদেশি পণ্য থেকে পর্যটক বয়কটের ডাক দেওয়া হয়েছে। যার সমর্থনে পোস্টারিংও চলছে।

ভারতীয় জাতীয় পতাকা প্রণাম না করে চেম্বারে প্রবেশ করা যাবে না বলে জানিয়েছিলেন শিলিগুড়ির এক চিকিৎসক। বৃহস্পতিবার শিলিগুড়িতে সাংবাদিক বৈঠক করে সমস্ত চিকিৎসক ও নার্সিংহোম কর্তৃপক্ষের কাছে হিন্দু জাগরণ মঞ্চের তরফে বাংলাদেশের নাগরিকদের বয়কটের আবেদন জানানো হয়।

অস্থির বাংলাদেশ

> বাংলাদেশে হিন্দুদের বাড়িতে লাগাতার হামলার পাশাপাশি ভাঙচুর, লুটপাট চলছে। যে দেশ হিন্দুদের ওপর আক্রমণ করছে, সে দেশের মানুষকে কোনও সহযোগিতা করা যাবে না। বাংলাদেশে ভারতীয় জাতীয় পতাকার অবমাননা করা হয়েছে। বাংলাদেশ বয়কটের মাধ্যমে এর যোগ্য জবাব দিতে হবে।
>
> **প্রেমলাল আগরওয়াল**
> *কোষাধ্যক্ষ, হিন্দু জাগরণ মঞ্চ, উত্তরবঙ্গ প্রান্ত*

## বাউলদের প্রতিবাদ

**শিলিগুড়ি ও ফাঁসিদেওয়া, ৫ ডিসেম্বর** : বাংলাদেশে সনাতনীদের ওপর হওয়া অত্যাচারের প্রতিবাদে পথে নামল বঙ্গীয় বাউল ও লোকশিল্পী সংঘ জলপাইগুড়ি জেলা কমিটি। বৃহস্পতিবার ইস্টার্ন বাইপাসের ঢাকেশ্বরী মন্দির থেকে একটি পদযাত্রার আয়োজন করা হয় সংগঠনের তরফে। উপস্থিত ছিলেন বঙ্গীয় বাউল ও লোকশিল্পী সংঘ জলপাইগুড়ি জেলা কমিটির সভাপতি কালীপদ গোস্বামী, সম্পাদক ভৈরব মহন্ত সহ আরও অনেকে। প্ল্যাকার্ড হাতে নিয়ে বাংলাদেশে হিন্দুদের ওপর হওয়া আক্রমণ ও রাজ্যে বিভিন্ন জায়গায় মন্দির ভাঙার বিরুদ্ধে গর্জে ওঠেন তাঁরা। পদযাত্রাটি ঢাকেশ্বরী মন্দির থেকে শুরু হয়ে আশিঘর মোড় পরিক্রমা করে ফের ঢাকেশ্বরী মন্দিরে এসে শেষ হয়।

সংগঠনের সভাপতি কালীপদ গোস্বামী বলেন, 'শুধু বাংলাদেশ নয়, রাজ্যেও বহু জায়গায় হিন্দুদের ওপর অত্যাচার হচ্ছে। মন্দির ভেঙে দেওয়া হচ্ছে। সমস্ত হিন্দুকে এক হতে হবে। পাশাপাশি সরকারকেও এসবের বিরুদ্ধে কড়া পদক্ষেপ করতে হবে।'

অন্যদিকে, বাংলাদেশের ঘটনার প্রতিবাদে এদিন বিধাননগরে হিন্দু সুরক্ষা মঞ্চের তরফে প্রতিবাদ মিছিল করা হল। মিছিলটি বিধাননগর সন্তোষিণী বিদ্যাচক্র হাইস্কুলের মাঠ থেকে শুরু হয়ে জগন্নাথপুর বাজার হয়ে ফের স্কুল মাঠে এসে শেষ হয়।

# ট্যাব দুর্নীতিতে চোপড়ায় ধৃত আরও দুজন

দুর্নীতির হটস্পট

**চোপড়া, ৫ ডিসেম্বর** : ট্যাব দুর্নীতি নিয়ে তদন্ত জারি রয়েছে রাজ্যজুড়ে। আর এদিকে ট্যাব দুর্নীতির অভিযুক্তদের আঁতুড় হয়ে উঠেছে চোপড়া। বৃহস্পতিবার চোপড়া থেকে ট্যাব দুর্নীতিতে জড়িত থাকার অভিযোগে দুজনকে গ্রেপ্তার করল পুলিশ। এদিন আসানসোল দুর্গাপুর পুলিশ কমিশনারেটের সাইবার বিভাগের আধিকারিকরা চোপড়া থানার পুলিশের সঙ্গে যৌথ অভিযানে দাসপাড়া গ্রাম পঞ্চায়েত এলাকা থেকে একজনকে গ্রেপ্তার করেন। ধৃতের নাম মেহেবুব আলম। তার একটি অনলাইন ক্যাফে রয়েছে।

অন্যদিকে, বসিরহাট সাইবার থানার পুলিশ চোপড়া পুলিশকে সঙ্গে নিয়ে অভিযান চালিয়ে চুটিয়াখোর গ্রাম পঞ্চায়েত এলাকা থেকে মহম্মদ ইয়াসিন আলি নামে আরেকজনকে গ্রেপ্তার করেছে। ইয়াসিন পেশায় হাতুড়ে। তাছাড়াও তৃণমূলের বুথ সভাপতি সে।

ধৃতদের নিয়ে এদিনই দুই জেলার পুলিশ রওনা দিয়েছে বলে জানা গিয়েছে। ট্যাব দুর্নীতি নিয়ে তদন্ত শুরু হতেই চোপড়া থানা এলাকা থেকে একের পর এক গ্রেপ্তারের খবর আসতে শুরু করে। পুলিশের তরফে চোপড়াকে হটস্পট হিসেবে চিহ্নিত করা হয়। ট্যাব দুর্নীতির কিনারা করতে এখনও পর্যন্ত বেশ কয়েকটি জেলা থেকে পুলিশের স্পেশাল টিমের সদস্যরা চোপড়া থানার পুলিশকে সঙ্গে নিয়ে অভিযান চালিয়েছেন। তাতে এ পর্যন্ত মোট ১৮ জনকে চোপড়া এলাকা থেকে গ্রেপ্তার করা হয়েছে। তাদের মধ্যে কয়েকজন দুর্নীতির মাস্টারমাইন্ড বলে খবর।

জানা গিয়েছে, এলাকায় লাগাতার অভিযানের জেরে ভয়ে অনেকেই ঘরছাড়া রয়েছে। এদিকে, স্থানীয়দের অনেকে অ্যাকাউন্টে টাকা ঢোকার কারণে বিভিন্ন জেলার সাইবার থানা থেকে নোটিশ পাওয়া শুরু করেছেন।

## কাল চন্দ্রিমা বাগডোগরায়

**শিলিগুড়ি, ৫ ডিসেম্বর** : কম বয়সে গর্ভবতী হওয়ার ঘটনা নিয়ে সাধারণের মধ্যে সচেতনতা বাড়াতে উদ্যোগ নিয়েছে রাজ্যের স্বাস্থ্য দপ্তর। শনিবার এই সংক্রান্ত কর্মসূচিতে যোগ দিতে বাগডোগরায় আসছেন স্বাস্থ্য প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। ভুজিয়াপানির কাদোপানি ময়দানে 'সেভ দ্য গার্ল চাইল্ড' নামক এই কর্মসূচিতে মন্ত্রী ছাড়াও অন্য প্রশাসনিক আধিকারিকরা উপস্থিত থাকবেন বলে জানা গিয়েছে।

প্রতারণার তদন্তে নয়া মোড়

# শক্তিগড়ের ঐশ্বর্যের বিরুদ্ধে আরও ৯ মামলা

মিঠুন ভট্টাচার্য

**শিলিগুড়ি, ৫ ডিসেম্বর** : শক্তিগড় প্রতারণা কাণ্ডে পুনরায় জামিন খারিজ হল দুই অভিযুক্তের। বৃহস্পতিবার জলপাইগুড়ি জেলা আদালতে জামিনের আবেদন করেন অভিযুক্ত ঐশ্বর্য রাজমণ্ডল ও অঙ্কিত আনন্দ। কোর্ট তাঁদের আর্জি খারিজ করে পুনরায় নয়দিনের জেল হেপাজতের নির্দেশ দিয়েছে। এছাড়াও এদিন নয়টি নতুন প্রতারণার অভিযোগে মামলা দায়ের হয় দুই অভিযুক্তের বিরুদ্ধে। প্রতারিতদের তরফে যদিও দুই অভিযুক্তের পাশাপাশি ঐশ্বর্যের স্বামী শুভাশিসচন্দ্র মণ্ডলেরও গ্রেপ্তারের দাবি তোলা হয়েছে। পুলিশের তরফে অবশ্য তদন্ত চলছে বলে জানানো হয়েছে।

প্রতারিতদের আইনজীবী দীপ্তেশ নাহা বলেন, 'বহু মানুষের সঙ্গে প্রতারণা করা হয়েছে। আইনের মাধ্যমে টাকা ফেরত পাওয়া ও দোষীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের চেষ্টা চলছে।' এদিন শক্তিগড় ও শীতলাপাড়া থেকে নয়জন নয়টি প্রতারণার মামলা করেন দুই অভিযুক্তের বিরুদ্ধে। আগামীতে আরও কয়েকটি মামলা হতে পারে বলে খবর।

গত ১ ডিসেম্বর প্রতারণার অভিযোগে শক্তিগড় থেকে ঐশ্বর্য এবং অঙ্কিতকে গ্রেপ্তার করে এনজেপি থানার পুলিশ। দুজন গ্রেপ্তার হতেই রাজগঞ্জ, ধূপগুড়ি, জলপাইগুড়ি, মালবাজার ও মালদা সহ উত্তরবঙ্গের বিভিন্ন জায়গা থেকে প্রতারণার



অভিযোগ উঠতে থাকে। বেশ কিছু সম্পত্তির হদিসও মেলে বলে দাবি করেন অনেকে। প্রথম দিন শুনানির পর বিচারক দুজনকে পাঁচদিনের জেল হেপাজতে পাঠান।

সেই মতো আজ পুনরায় দুই অভিযুক্তকে আদালতে পেশ করা হয়। গত কয়েক বছরে ঐশ্বর্য তাঁর সঙ্গী অঙ্কিতকে নিয়ে বিভিন্ন মানুষকে প্রতারণা করে আসছিলেন বলে অভিযোগ। গত প্রায় তিন মাস থেকে এই নিয়ে শক্তিগড়-শীতলাপাড়ার বেশ কিছু বাসিন্দার সঙ্গে বিবাদ চলছিল দুই অভিযুক্তের। এই প্রসঙ্গে শীতলাপাড়ার বাসিন্দা অর্চনা সরকার বলেন, 'প্রথমদিকে পুলিশের কিছুটা টালবাহানা ছিল। যদিও পরবর্তীতে পুলিশ যথেষ্ট সহযোগিতা করেছে।' দুই অভিযুক্ত গ্রেপ্তার না হলে আরও বহু মানুষ প্রতারিত হতে পারতেন বলে মনে করছেন ধীরাজ গোয়ালা, লক্ষ্মী সরকার, সঞ্জনা গোয়ালা, রাজীব দাসের মতো অনেকেই।

এনজেপি থানার এক আধিকারিকের বক্তব্য, 'মাস তিনেক আগে এলাকায় একবার ঝামেলার সৃষ্টি হয়। সেই সময় ঐশ্বর্যকে আটক করেছিল পুলিশ। কিন্তু নিজেদের প্রতারিত দাবি করা বাসিন্দারা সেই সময় মামলা করতে অনিচ্ছুক ছিলেন। অভিযোগ না হওয়াতে বাধ্য হয়ে ঐশ্বর্যকে ছেড়ে দিতে হয়।' পরবর্তীতে অভিযোগ দায়ের হতেই ঐশ্বর্যকে গ্রেপ্তার করা হয়েছে বলে পুলিশের তরফে দাবি করা হয়েছে।

**গ্রেপ্তারের দাবি**

- ফের নয়দিনের জেল হেপাজতে ঐশ্বর্য ও তার কুকর্মের সঙ্গী অঙ্কিত আনন্দ
- প্রতারিতদের তরফে ঐশ্বর্যের স্বামী শুভাশিসকেও গ্রেপ্তারের দাবি তোলা হয়েছে
- এদিন কোর্টে আরও নয়জন নয়টি প্রতারণার মামলা করেন দুই অভিযুক্তের বিরুদ্ধে

# এনজেপিতে বিক্ষোভ

**শিলিগুড়ি, ৫ ডিসেম্বর** : রাজাহাউলিতে খুনের পর এক মাসের বেশি পেরিয়ে গেলেও, অভিযোগপত্রে নাম থাকা সকল দোষীকে গ্রেপ্তার করা হয়নি বলে অভিযোগ। তাই দ্রুত বাকি অভিযুক্তদের গ্রেপ্তারের দাবিতে বৃহস্পতিবার নিউ জলপাইগুড়ি থানার সামনে বিক্ষোভ দেখালেন রাজাহাউলির বাসিন্দাদের একাংশ।

এদিন দুপুরে এনজেপি নেতাজি মোড় সংলগ্ন এলাকা থেকে একটি মিছিল বের করেন বিক্ষোভকারীরা। শতাধিক বাসিন্দা সেই মিছিলে অংশগ্রহণ করেন। কিছুক্ষণ বাদে সেই মিছিল এসে পৌঁছায় থানার সামনে। সেখানে দীর্ঘক্ষণ বিক্ষোভ প্রদর্শন করেন তাঁরা। দোষীদের গ্রেপ্তারির দাবি তোলেন মৃত মহম্মদ জহুরির পরিবার ও প্রতিবেশীরা। মিছিলটি থানায় ঢোকার চেষ্টা করেও প্রথমে ব্যর্থ হয়। এরপর বিক্ষোভকারীরা গেটের সামনে অবস্থানে বসে পড়েন। বেশ কিছুক্ষণ অবস্থান চলার পর তাঁদের মধ্যে কয়েকজনকে ভেতরে ডাকা হয় পুলিশের তরফে। এরপর থানায় গিয়ে ওসি নির্মলকুমার দাসের কাছে নিজেদের বক্তব্য তুলে ধরেন তাঁরা। পাশাপাশি তাঁদের তরফে একটি স্মারকলিপি জমা দেওয়া হয়।

গত এক নভেম্বর রাজাহাউলিতে মহম্মদ জহুরিকে পিটিয়ে খুনের ঘটনায় এখনও পর্যন্ত তিনজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। সেই খুনের ঘটনায় আরও বেশ কয়েকজন অভিযুক্ত এখনও এলাকায় দাপিয়ে বেড়াচ্ছে বলে অভিযোগ বিক্ষোভকারীদের। বাকি অভিযুক্তদের অবিলম্বে গ্রেপ্তারের দাবি জানান বিক্ষোভকারীরা।

এদিন থানায় বিক্ষোভের আগাম খবর থাকায় পুলিশের তরফে বিশেষ সতর্কতা নেওয়া হয়েছিল। বেলা সাড়ে এগারোটা থেকেই থানার গেট বন্ধ করে দেওয়া হয়। এছাড়াও গেটের সামনে বাড়তি পুলিশ মোতায়েন করা হয়। পুলিশের এক আধিকারিক বলেন, 'অভিযোগের ভিত্তিতে ব্যবস্থা নেওয়া হয়েছে। এখনও তদন্ত চলছে। দোষ পাওয়া গেলে কাউকেই ছাড়া হবে না।'

# হাতির হানা রুখতে এশিয়ান হাইওয়েতে আবর্জনা সাফাই

**বাগডোগরা, ৫ ডিসেম্বর** : খাবারের খোঁজে প্রায়ই আবর্জনার স্তূপে হানা দেয় হাতি। এর ফলে প্রায়ই ঘটছে হাতি-মানুষ সংঘাত। সেকারণে কার্সিয়াং বন বিভাগের বাগডোগরা রেঞ্জের তরফে বৃহস্পতিবার সকালে আবর্জনা সাফাইয়ে নামা হয়। পরে তা আগুন দিয়ে পুড়িয়ে দেওয়া হয়। এদিন সন্ন্যাসী চা বাগানের সামনে বাগডোগরা-নকশালবাড়ি এশিয়ান হাইওয়ে টু'র ধারে জমা জঞ্জাল পরিষ্কার করা হয়েছে।

বাগডোগরার রেঞ্জ অফিসার সোনম ভুটিয়া বলছেন, 'সাফাই অভিযান চালানোর পাশাপাশি আবর্জনা ফেলা নিষিদ্ধ করে বোর্ড লাগানো হয়েছে। এছাড়া সড়কের দুই পাশের ঝোপঝাড়, আগাছা কেটে ফেলার জন্য সড়কের প্রোজেক্ট ডিরেক্টরকে চিঠি দেওয়া হয়েছে।'

রাতের অন্ধকারে ঝোপের আড়ালে হাতির গতিবিধি বোঝা মুশকিল। সেকারণে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে হাতি পারাপারের জায়গায় টাঙানো হয়েছে দড়ি। যা গজরাজের শরীরে লাগলেই দড়ির অপর প্রান্তে থাকা অ্যালার্ম বেজে উঠবে। তা শুনে সতর্ক হয়ে যাবেন বনকর্মী ও স্থানীয় বাসিন্দারা। এবিষয়ে আপার বাগডোগরার প্রধানকে চিঠি দেওয়া হয়েছে ইতিমধ্যে।

প্রধান সঞ্জীব সিনহার বক্তব্য, 'বন বিভাগের তরফে একটি সতর্কবার্তা জারি করা হয়েছে। বার্তায় বলা হয়েছে, আপার বাগডোগরা থেকে নকশালবাড়ির কাছে অটল চা বাগান, আপার বাগডোগরা থেকে পানিঘাটা রোডের অর্ড চা বাগান পর্যন্ত রাস্তা এবং ডহরা বনবস্তির পিছনের অংশে চলাচল করা বিপজ্জনক। বিকেল সাড়ে ৪টা থেকে সকাল ৭টা পর্যন্ত এসব রাস্তায় মর্নিং ও এবং ইভনিং ওয়াক নিষিদ্ধ করা হয়েছে।' এশিয়ান হাইওয়ের টু'র পাশে যেখানে আবর্জনা ফেলা হয়, তার প্রায় ২০০ ফুট দূরেই জঙ্গল। ১৩ নভেম্বর এখানে আবর্জনার স্তূপের পাশে হাতির হানায় ২ ভাইয়ের মৃত্যু হয়। বুধবার রাতেও ৫ জন আহত হয়েছেন।

**সতর্কতায় অ্যালার্মের ব্যবস্থা**

হিন্দুস্তান পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেড
(একটি মহারত্ন কোম্পানি)

সম্পত্তি বিক্রয়ের বিরুদ্ধে দাবির জন্য সর্বজনীন বিজ্ঞপ্তি

এটি দ্বারা জানানো যাচ্ছে যে ভূমির মালিক নিম্নে উল্লেখিত বিবরণ সহ তার জমির প্লটটি হিন্দুস্তান পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেডকে বিক্রি করার প্রস্তাব দিয়েছেন, যা দার্জিলিং ও জলপাইগুড়ি জেলাগুলিতে প্রাকৃতিক গ্যাস সরবরাহের জন্য সিটি গেট স্টেশন বিকাশের উদ্দেশ্যে। কৃষি জমি, ১৭৩৩.৫ বর্গমিটার (২৫.৯০ কাঠা), প্লট নং - ৬২৬, খতিয়ান নং - ৮১৩, মৌজা - বিন্নাগুড়ি, জেএল নং - ৩, শিট নং - ১৬, পিএস - নিউ জলপাইগুড়ি, জেলা - জলপাইগুড়ি।

এই সম্পত্তি সম্পর্কে যে কোনও ব্যক্তি যাদের কোনও অধিকার, শিরোনাম, স্বার্থ, দাবি বা কোনও প্রকৃতির চাহিদা রয়েছে, তাদের হিন্দুস্তান পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেড (HPCL) সিজিডি জিএ-১০.৪৭, তৃতীয় তল, হোমল্যান্ড বিল্ডিং, থার্ড মাইল, সেবক রোড, শিলিগুড়ি-৭৩৪০০৮ ঠিকানায়, এই বিজ্ঞাপন প্রকাশের তারিখ থেকে ১০ দিনের মধ্যে লিখিত তথ্য সহ নথিভুক্ত প্রমাণ সহ জমা দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে। এই সময়সীমার পরে কোনও দাবি গ্রহণ করা হবে না এবং ভবিষ্যতের জমি ক্রয়ের প্রক্রিয়া সম্পূর্ণ হবে এবং যে কোনও দাবি বাদ দেওয়া হয়েছে বা ত্যাগ করা হয়েছে বলে ধরে নেওয়া হবে।

hpcl | hpcl | hpcl
www.hindustanpetroleum.com

# প্রতারণার জাল শিলিগুড়ি থেকে

সাইবার ক্রাইম

শমিদীপ দত্ত

**শিলিগুড়ি, ৫ ডিসেম্বর :** এ যেন দক্ষিণী সাইবার ক্রাইম-থ্রিলার ছবির স্ক্রিপ্ট। প্রতারণার জাল বিস্তৃত শিলিগুড়ি থেকে কলকাতা হয়ে বুর্জ খলিফার দেশ দুবাই পর্যন্ত।

সম্প্রতি ভারত-দুবাই-শ্রীলঙ্কা ও ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জে বিস্তৃত আন্তর্জাতিক সাইবার ক্রাইমচক্রের হদিস পেয়েছে পশ্চিমবঙ্গ সাইবার ক্রাইম শাখা এবং বিধাননগর পুলিশ। ইতিমধ্যেই ২৫০ কোটি টাকার অনলাইন জালিয়াতিতে ১৭ জনকে গ্রেপ্তার করা হয়েছে। আর সেই চক্রের মূল পান্ডা একসময় শিলিগুড়িতে থেকে প্রতারণার জাল বিস্তার করেছিল। সে-ও ধরা পড়েছে। পুলিশ সূত্রে খবর, সম্প্রতি বিধাননগর সাইবার থানায় ১ কোটি ১৩ লক্ষ টাকা জালিয়াতির অভিযোগ দায়ের হয়। সেই ঘটনার তদন্তে নেমেই আন্তর্জাতিক এই চক্রটির হদিস পায় পুলিশ। কলকাতা ও বিহারের মুজফফরপুর থেকে গ্রেপ্তার করা হয় সকলকে।

### খালপাড়া যোগ

ঘটনার সূত্রপাত পাঁচ বছর আগে। খালপাড়ার তৎকালীন বাসিন্দা পেশায় চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট অভিষেক বনসাল শিলিগুড়ির বস্তি এলাকায় গিয়ে বেকার তরুণদের টার্গেট করা শুরু করে। তারপর তাদের আধার কার্ড নিয়ে কয়েকশো কারেন্ট ব্যাংক অ্যাকাউন্ট খোলে। সাইবার ক্রাইমের মাধ্যমে সাধারণ মানুষের টাকা হাতিয়ে সেই অ্যাকাউন্টগুলোতে ঢোকানো হত।

### মাসোহারা ৩,০০০



আধার কার্ড নিয়ে অ্যাকাউন্ট খোলার পরিবর্তে ওই বেকার তরুণদের হাতে প্রতি মাসে দেওয়া হত ৩,০০০ টাকা। ২০১৯ থেকে ২০২২, তিন বছর শিলিগুড়িতে বসেই প্রতারণাচক্র চালায় অভিষেক।

২০২৩ সালে বিষয়টি শিলিগুড়ির পুলিশের নজরে আসে। অভিষেকের শাগরেদরা একে একে ধরা পড়তেই হঠাৎ পরিবার সমেত উধাও হয়ে যায় অভিষেক। খবর ছিল, জালিয়াতির প্রচুর টাকা নিয়ে সে উধাও হয়।


### আস্তানা দুবাই



শিলিগুড়ি ছাড়ার পর অভিষেক তার আস্তানা বানিয়েছিল দুবাইতে। সেখান থেকে মাঝেমধ্যে কলকাতায় আসত সে। পাঁচতারা হোটেলে রুমভাড়া নিয়ে কিছুদিন থেকে প্রতারণাচক্রের 'কাজ' তত্ত্বাবধান করে ফের দুবাই ফিরে যেত। কারবারে তার সঙ্গী ছিল গুজরাটের মায়াঙ্ক চৌধুরী এবং ফরিদাবাদের অমিত জিন্দাল। বাকি দুজনের আস্তানা ছিল সেই দুবাই। তদন্তকারীরা মনে করছেন, শিলিগুড়িতে চক্র চালানোর সময়ে অভিষেকের সঙ্গে ওই দুজনের যোগাযোগ গড়ে উঠেছিল। তিনজনকেই কলকাতা থেকে গ্রেপ্তার করা হয়েছে।

## মূলচক্রী তিন, গ্রেপ্তার ১৭

### ভুয়ো ওয়েবসাইট, অ্যাপ



কীভাবে চলত ক্রাইম? বিধাননগর সাইবার থানায় দায়ের হওয়া অভিযোগে জানা গিয়েছে, একটি ওয়েবসাইটে দেওয়া ছিল একটি অ্যাপের লিংক। দেশের ঐতিহাসিক সম্পদ অকশন হয় ওই অ্যাপে, এমনই দাবি করেছিল ওয়েবসাইটটি। বিশ্বাস করে ডাউনলোড করেন অভিযোগকারী। আর এতেই ফাঁদে পা দিয়ে ফেলেন তিনি। প্রতারণার শিকার হন অভিযোগকারী। ওই অ্যাপ, ওয়েবসাইট সমস্তটাই ছিল ভুয়ো। পুলিশ সূত্রে খবর, শিলিগুড়ি থেকে সাইবারচক্র চালানোর সময় বেশ কিছু ভুয়ো অ্যাপ তৈরি করেছিল অভিষেক। তারপর বস্তি এলাকায় অ্যাপের লিংক ছড়িয়ে দিত সে। অ্যাপগুলির বিশেষত্ব কী? পুলিশ সূত্রে খবর, অনলাইন ক্যাসিনো এবং বিনিয়োগ করা যেত সেখানে। কিন্তু সমস্তটাই ছিল আসলে ফাঁদ।

### ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জ

তারপর অভিষেক দুবাইতে চলে যায়। সেখানে গিয়ে বেশ কিছু ভুয়ো অনলাইন পার্টনারশিপ সংস্থা খোলে অভিষেকরা। এরপর দেশজুড়ে শিলিগুড়ির কায়দায় নতুন করে বহু কারেন্ট অ্যাকাউন্ট খোলা হয়। অ্যাকাউন্টগুলির যাবতীয় তথ্য চলে আসে দুবাইতে থাকা মূল চক্রীদের কাছে।

মূল তিন পান্ডা সেখান থেকেই মোবাইলে লেনদেনের জন্য ওটিপি পাঠিয়ে দিত। অ্যাকাউন্টগুলোতে আসা টাকা ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জের কুসারাও থেকে চালানো বিভিন্ন অনলাইন ক্যাসিনো ওয়েবসাইটে ব্যবহার করা হত।

### ১,৫৩০টি অভিযোগ

জাল শিলিগুড়ি হয়ে গোটা দেশে ছড়িয়ে পড়ে। পুলিশ জানিয়েছে, এখনও পর্যন্ত গোটা দেশে ৭০০-র বেশি ভুয়ো কারেন্ট ব্যাংক অ্যাকাউন্ট চিহ্নিত করা হয়েছে। ২৯টি রাজ্য থেকে ১,৫৩০টি অভিযোগ জমা পড়েছে।

শিলিগুড়িতে কারেন্ট অ্যাকাউন্টগুলির প্রকৃত মালিকরা কোনওভাবে ব্যাংকে গিয়ে টাকা তুলতে গেলে আগাম বুঝে যেত অভিষেকের এখানকার শাগরেদরা। তারপর সরাসরি ফোন চলে যেত অভিষেকের কাছে। মাসিক তিন হাজার টাকায় সন্তুষ্ট থাকতে বলে হুমকি দেওয়া হত অ্যাকাউন্ট মালিকদের।

### নাগেরবাজার শাখা



ধৃত ১৭ জনের মধ্যে রয়েছে কলকাতার নাগেরবাজার শাখার উচ্চপদস্থ ব্যাংককর্মী। সে অ্যাকাউন্টগুলো খুলতে সাহায্য করেছিল। শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশের ডিসিপি (ইস্ট) রাকেশ সিং বলেছেন, 'শিলিগুড়িতে অভিষেক আর কোনও জাল পেতেছিল কি না, সেটা দেখা হচ্ছে।'

---

প্রত্যক্ষদর্শীদের বয়ান রেকর্ড হয়নি

# পক্ষপাতদুষ্ট পুলিশ, ভর্ৎসনা আদালতের

**শিলিগুড়ি, ৫ ডিসেম্বর :** সার্কিট বেঞ্চে ভর্ৎসনার মুখে শিলিগুড়ির মেট্রোপলিটান পুলিশ। একটি খুনের মামলায় প্রত্যক্ষদর্শীদের বয়ান রেকর্ড করা হয়নি বলে উষ্মা প্রকাশ করলেন বিচারপতি রাজা বসুচৌধুরী। প্রত্যক্ষদর্শীরা আবার নিহতের মা ও ভাই। আদালতের পর্যবেক্ষণে উঠে আসে যে, দুই অভিযুক্তের একজনের বিরুদ্ধে কোনও তদন্তই হয়নি। অন্যজনকে অভিযুক্ত করা হয়েছে অপরাধের লঘু ধারায়।

২০২৩ সালের ওই খুনের মামলায় নতুন করে তদন্তের নির্দেশ দিয়েছে সার্কিট বেঞ্চ। ইনস্পেকটর পদমর্যাদার কোনও অফিসারকে এক সপ্তাহের মধ্যে তদন্তভার দেওয়ার জন্য শিলিগুড়ির পুলিশ কমিশনারকে দায়িত্ব দেওয়া হয়েছে। তদন্তটি আবার প্রথম থেকে শুরু করার ওই নির্দেশে শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের পক্ষে অস্বস্তির কারণ নিঃসন্দেহে।

বিচারপতি রাজা বসুচৌধুরীর পর্যবেক্ষণে, মূল অপরাধীকে বাঁচানোর চেষ্টা হয়েছে তদন্তে। তদন্তটি বিকৃত, পক্ষপাতদুষ্ট ও অন্যায়ভাবে প্রভাবিত বলেও মন্তব্য করেছেন তিনি। পুলিশের দেওয়া চার্জশিটটি তাঁর মতে, পুরোপুরি ভিত্তিহীন। তথ্য ও প্রমাণ সংগ্রহে তদন্তকারী আধিকারিক পুরোপুরি ব্যর্থ বলে বিচারপতির পর্যবেক্ষণে উঠে এসেছে। যে তদন্তকারী অফিসার প্রত্যক্ষদর্শীর জবানবন্দি নেন না, তাঁর ওপর ভরসা রাখা যায় না বলেও বিচারপতি কড়া ভাষায় জানিয়ে দিয়েছেন।

আদালতের নির্দেশ সম্পর্কে অবশ্য আবেদনকারী পার্বতী সাহানির আইনজীবী সোমরাজ পাল কোনও মন্তব্য করতে চাননি। পার্বতী শিলিগুড়ি শহরের মহারাজা কলোনির বাসিন্দা।



নিহত মুন্না তাঁর ছেলে। গত বছরের ৫ সেপ্টেম্বর নিহত হয়েছিলেন মুন্না। তাঁকে স্থানীয় বিনোদ পাসোয়ানের দুই ছেলে ২ জুন মুন্নাকে মারধর করেছিল বলে পার্বতী খালপাড়া পুলিশ ফাঁড়িতে ৩ জুন অভিযোগ দায়ের করেছিলেন।

তাঁর অভিযোগ ছিল, ২ জুন রাতে বিনোদ পাসোয়ানের দুই ছেলে পার্বতীর বাড়িতে ঢুকে তাঁর এক ছেলে সঞ্জয় সাহানিকে হেনস্তা করতে শুরু করে। প্রতিবাদ করতে এগিয়ে এলে পার্বতী ও তাঁর আরেক ছেলে মুন্নাকে মারধর করে হামলাকারীরা। বেধড়ক মারে মুন্না গুরুতর জখম হন। তাঁকে প্রথমে শিলিগুড়ি জেলা হাসপাতাল নিয়ে যাওয়া হলেও শারীরিক অবস্থার অবনতি হওয়ায় উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠানো হলে তাঁকে সেখানে ভর্তি করা হয়।

প্রায় তিন মাস পরে হাসপাতালেই মুন্নার মৃত্যু হয়। ৩ জুন অভিযোগ দায়ের করার পর ওই ঘটনার তদন্ত শুরু করেন খালপাড়া পুলিশ ফাঁড়ির এএসআই উত্তম ধর। কিন্তু আদালতের নথি অনুযায়ী, ৮ জুন সেই মামলার তদন্তভার যায় এসআই শুভেন্দু দাসের হাতে। সেই মামলায় শিলিগুড়ির অতিরিক্ত মুখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেটের আদালতে পুলিশ চার্জশিট দাখিল করেছিল, যাতে অভিযুক্ত দুজনের মধ্যে একজনকে রেহাই দেওয়া হয়। আর একজনের বিরুদ্ধে লঘু ধারা দেওয়ার অভিযোগ ওঠে।

শেষপর্যন্ত চলতি বছরের শুরুতে জলপাইগুড়িতে হাইকোর্টের সার্কিট বেঞ্চে ওই চার্জশিটকে চ্যালেঞ্জ করে মামলা করেন পার্বতী সাহানি। চলতি মাসের ২ তারিখ শুরু হয় শুনানি। শেষপর্যন্ত পুলিশকে ভর্ৎসনা করে নতুন করে তদন্ত শুরুর আদেশ দিলেন বিচারপতি।

---

গাড়ি পাঠাতে ভয় পাচ্ছেন ব্যবসায়ীরা

# বাংলাদেশে আমদানি, রপ্তানি প্রায় বন্ধের মুখে

ভাস্কর বাগচী

**শিলিগুড়ি, ৫ ডিসেম্বর :** আশঙ্কাই সত্যি হল। গত চার-পাঁচদিন ধরে ভারত-বাংলাদেশ সীমান্ত দিয়ে আগের মতো রপ্তানি হচ্ছে না। শুধুমাত্র বোল্ডার আর চাল রপ্তানি হচ্ছে। কিন্তু ভুট্টা, মশলাপাতি, ডাল রপ্তানি প্রায় বন্ধ।

কারণ কী? পড়শি দেশের যা পরিস্থিতি, ভারতের রপ্তানিকারকরা এই মুহূর্তে বাংলাদেশে গাড়ি পাঠাতে সাহস পাচ্ছেন না। পণ্য পাঠানোর পর বিল কবে মেটানো হবে, তা নিয়ে রীতিমতো সংশয়ে রয়েছেন রপ্তানিকারকরা। তাই তাঁরা আগের মতো খাদ্যসামগ্রী পাঠাচ্ছেন না সেদেশে। পাশাপাশি বাংলাদেশ থেকে যেসব জিনিস আমদানি হয়, সেটাও প্রায় বন্ধই রয়েছে। সবমিলিয়ে সীমান্তে ব্যবসা-বাণিজ্য এই মুহূর্তে তলানিতে।

নর্থবেঙ্গল এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের সম্পাদক ব্রিজকিশোর প্রসাদের বক্তব্য, 'আমদানি-রপ্তানির অবস্থা খারাপের দিকেই রয়েছে। এখন অল্পকিছু জিনিস রপ্তানি করা হচ্ছে। তবে বেশিরভাগ রপ্তানিকারক আতঙ্কে রয়েছেন। ব্যবসা রয়েছে বলে অল্প কাজ করতে হচ্ছে। তবে ওখানে বিল পাওয়া নিয়ে সমস্যা হচ্ছে। তবে আমদানি কিছু হচ্ছে না।' তিনি আরও বলেন, 'গত এক বছর এই ধরনের সমস্যার সম্মুখীন হচ্ছি আমরা। যাঁরা ব্যাংক থেকে ঋণ নিয়ে কাজ করেন, তাঁরা বেশি সমস্যায় পড়ছেন।'

বাংলাদেশে সংখ্যালঘুরা ক্রমাগত আক্রমণের শিকার হওয়ায় ইউনূস সরকারের বিরুদ্ধে ক্ষোভ ক্রমশ বাড়ছে। ভারতে ইতিমধ্যেই সরব হয়েছে বিভিন্ন সংগঠন। এই পরিস্থিতিতে শিলিগুড়ি সহ উত্তরবঙ্গের বিভিন্ন জায়গায় বাংলাদেশি পণ্য বয়কটের ডাক দেওয়া হয়েছে।

উত্তরবঙ্গের হোটেলগুলিতেও বাংলাদেশিদের প্রবেশ আটকাতে তৎপর বহু সংগঠন। ইতিমধ্যেই জলপাইগুড়ির একটি পর্যটন সংস্থা বাংলাদেশিদের সঙ্গে ব্যবসা না করার সিদ্ধান্ত নিয়েছে।

শিলিগুড়ির ইএনটি চিকিৎসক শেখর বন্দ্যোপাধ্যায় তাঁর চেম্বারের সামনে ভারতের জাতীয় পতাকা রেখেছেন। বাংলাদেশি রোগীদের জন্য তিনি নির্দেশ দিয়েছেন, যাঁরা তাঁর চেম্বারে প্রবেশ করবেন, তাঁদের ভারতের জাতীয় পতাকা প্রণাম করে ঢুকতে হবে। না হলে তিনি রোগী দেখবেন না। ব্যবসা-বাণিজ্যেও যে প্রভাব পড়বে তা আন্দাজ করাই যাচ্ছিল। আর সেটাই হয়েছে। বিশেষ করে ফুলবাড়ি সীমান্ত বাণিজ্য তলানিতে। ফেডারেশন অফ চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ অফ ইস্টার্ন ইন্ডিয়ার সাধারণ সম্পাদক সুরজিৎ পালের বক্তব্য, 'বাংলাদেশে যা হচ্ছে তা মোটেও ঠিক নয়। যারা এটা করছে তারা অতীতকে ভুলে যাচ্ছে। তাদের ভাবা উচিত ভারতের সঙ্গে তাদের বাণিজ্যের সম্পর্ক কতটা লাভজনক। এখন যা হচ্ছে, তাতে কিন্তু ক্ষতি ভারত-বাংলাদেশ দুই দেশেরই। ভারতের থেকে অনেক বেশি ক্ষতি হচ্ছে বাংলাদেশের।'



*ফাঁকা ফুলবাড়ি সীমান্ত। বৃহস্পতিবার। ছবি : সাগর বাগচী*

**বিল কবে**

- সীমান্ত দিয়ে ৪-৫ দিন আগের মতো রপ্তানি হচ্ছে না
- শুধুমাত্র বোল্ডার আর চাল রপ্তানি হচ্ছে
- কিন্তু ভুট্টা, মশলাপাতি, ডাল রপ্তানি প্রায় বন্ধ
- বিল কবে মেটানো হবে, সংশয়ে রপ্তানিকারকরা
- পাশাপাশি বাংলাদেশ থেকে আমদানি প্রায় বন্ধ

---

# র‍্যাগিংও হত, অভিযোগ মৃত শিক্ষকের পরিবারের

মিঠুন ভট্টাচার্য

**শিলিগুড়ি, ৫ ডিসেম্বর :** মিড-ডে মিলে দুর্নীতির অভিযোগ ছিলই। এবার 'র‍্যাগিং'-এর অভিযোগ তুলল মৃত স্কুল শিক্ষক সৌরভকুমার রায়ের পরিবার। শিক্ষকদের মধ্যে অনেকেই সৌরভের সঙ্গে দুর্ব্যবহার করতেন। দুর্নীতির প্রতিবাদ করে প্রাণ দিতে হয়েছে ৩২ বছরের এই শিক্ষককে, এমনটাই দাবি ছিল পরিবারের।

ছেলের মৃত্যুর ঘটনায় দোষীদের শাস্তির দাবিতে পুলিশের কাছে দুর্নীতির প্রসঙ্গ তুলে খুনের অভিযোগ জানিয়েছিলেন সৌরভের বাবা সুনীলকুমার রায়। বৃহস্পতিবার শিলিগুড়ির মেয়র গৌতম দেব এবং পুলিশ কমিশনার সি সুধাকরের দ্বারস্থ হয় মৃতের পরিবার। মেয়র বিষয়টি নিরপেক্ষভাবে দেখার আশ্বাস দিয়েছেন। পুলিশের তরফেও তদন্ত চলছে। শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের এক আধিকারিক বলেছেন, 'বেশ কিছু ঘটনা আমাদের সামনে এসেছে। ময়নাতদন্তের রিপোর্ট হাতে এলে বাকিটা জানা যাবে।'

এদিন সৌরভের কাকা সুশীলকুমার রায় অভিযোগ তোলেন, 'স্কুলে সৌরভের সঙ্গে খারাপ ব্যবহার করা হত। র‍্যাগিংয়ের শিকার হচ্ছিল আমাদের ছেলে। আমরা চাই দোষীরা শাস্তি পাক।' একই কথা বলেছেন সৌরভের বাবাও। ফাড়াবাড়ি স্পেশাল ক্যাডার প্রাথমিক বিদ্যালয়ে চলছে বাৎসরিক পরীক্ষা। গত মঙ্গলবারও পরীক্ষা চলছিল স্কুলে। সেদিন রাতেই স্কুলের দোতলার একটি ঘর থেকে সৌরভের মৃতদেহ উদ্ধার হয়। সৌরভকে খুন করা হয়েছে বলে অভিযোগ ওঠে।

যদিও বিষয়টি একেবারেই মানতে নারাজ স্কুলের অন্য শিক্ষকরা। র‍্যাগিংয়ের প্রসঙ্গ অস্বীকার করে প্রধান শিক্ষক সুবল রায়ের ব্যাখ্যা, 'স্কুলে কোনও গ্রুপ-ডি কর্মচারী নেই। স্কুলের যে কোনও কাজ সকলে মিলেমিশে করি। যদি কখনও চা আনতে বলা হয়, সেটা স্কুলের সকলেই এনেছেন। সেইমতো সৌরভও এনেছিলেন। সেটা কোনওমতেই র‍্যাগিং বা নির্যাতন হতে পারে না।' তিনি যখন এই কথাগুলি বলছেন, তখন স্কুলের অফিসঘরে উপস্থিত ছয়-সাতজন শিক্ষক তাঁর কথায় সায় দেন।

তবে, এই স্কুলে যে মিড-ডে মিল নিয়ে বিতর্ক আগে থেকেই ছিল, সেটা এদিন বেশ টের পাওয়া গিয়েছে। এদিন স্কুলে গিয়েছিলেন তৃণমূলের বিন্নাগুড়ি অঞ্চল সভাপতি অর্জুন রায়, দলের স্থানীয় দুই প্রাক্তন পঞ্চায়েত সদস্য দিলীপকুমার বর্মন ও জগদীশচন্দ্র রায়। দিলীপকে বলতে শোনা যায়, 'এর আগেও এই বিষয়ে বিভিন্ন কথা বলতে হয়েছে আমাদের।



*ফাড়াবাড়ি স্পেশাল ক্যাডার প্রাথমিক বিদ্যালয়।*

স্কুল কিন্তু আমাদের কথা শোনেনি।'

বর্তমানে স্কুলের দোতলার ঘরে যাওয়ার রাস্তা 'সিল' করেছে পুলিশ। এদিন পরীক্ষা চলাকালীন বহু অভিভাবক স্কুল মাঠে বসেছিলেন। এক অভিভাবক মিনতি রায় বলেন, 'স্কুলের ভেতর এই কাণ্ড ঘটে যাওয়ার বিষয়টা সত্যিই অবিশ্বাস্য। আমরা চাই পুলিশ সঠিকভাবে তদন্ত করুক।'

---

## আইসিইউতে শয্যা দ্বিগুণ

**শিলিগুড়ি, ৫ ডিসেম্বর :** দার্জিলিং জেলা হাসপাতালের আইসিইউতে শয্যাসংখ্যা দ্বিগুণ করা হল। এতদিন হাসপাতালের আইসিইউতে আটটি শয্যা ছিল। বৃহস্পতিবার থেকে নতুন করে আরও আটটি শয্যা চালু হল। এদিন গোর্খাল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশনের ভাইস চেয়ারম্যান রাজেশ চৌহান এই পরিষেবার উদ্বোধন করেন। তিনি বলেছেন, 'এখানে প্রচুর মানুষ চিকিৎসার জন্য আসেন। অনেক রোগীকে সুস্থ করে তুলতে আইসিইউতে বেশি করে শয্যা রাখা প্রয়োজন। শয্যা বাড়ায় আরও রোগী এখানে পরিষেবা পাবেন।'

## ধৃত এক

**চোপড়া, ৫ ডিসেম্বর :** চোপড়া থানা এলাকা থেকে বুধবার রাতে আগ্নেয়াস্ত্র সহ একজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। ধৃতের নাম অমিত হালদার। সে নৈনিতাল কলোনির বাসিন্দা। ধৃতের কাছ থেকে একটি আগ্নেয়াস্ত্র ও দুই রাউন্ড কার্তুজ উদ্ধার হয়েছে। অমিতকে বৃহস্পতিবার ইসলামপুর মহকুমা আদালতে তোলা হলে চারদিনের পুলিশ হেপাজতের নির্দেশ দেন বিচারক।

## ক্লিনিকে হানা

**চোপড়া, ৫ ডিসেম্বর :** চোপড়ার কালাগছ এলাকায় বৃহস্পতিবার একটি ডায়াগনস্টিক সেন্টারে অভিযান চালায় উত্তর দিনাজপুর জেলা স্বাস্থ্য দপ্তর। জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক পুরাণ শর্মা বলেন, 'ওই এলাকায় অবৈধভাবে একটি আল্ট্রাসনোগ্রাফি ক্লিনিক চলত। ক্লিনিকটি সিল করা হয়েছে। মালিকের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে।'

---

**জেলার খেলা**

## ৪ উইকেট যুবরাজের




*ট্রফি হাতে যুবরাজ সাহা।*

**নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ৫ ডিসেম্বর :** মহকুমা ক্রীড়া পরিষদের ডাঃ বিসি পাল, জ্যোতি চৌধুরী ও সরোজিনী পাল ট্রফি প্রথম ডিভিশন ক্রিকেট লিগে বৃহস্পতিবার তরুণ তীর্থ ১১৬ রানে এনবিএসটিসিআরসি-কে হারিয়েছে। চাঁদমণি মাঠে টসে জিতে তরুণ ৫ উইকেটে ১৭০ রান তোলে। মৃত্যুঞ্জয় মুখোপাধ্যায় ৬১ ও যুবরাজ সিং ২০ রান করেন। প্রাঞ্জল সিংহ ২০ রানে নেন ২ উইকেট। জবাবে এনবিএসটিসিআরসি ২১.৩ ওভারে ৫৪ রানে অল আউট হয়। ম্যাচের সেরা যুবরাজ ১২ রানে পেয়েছেন ৪ উইকেট। ভালো বোলিং করেন মইন বর্মন (৫/২)।

অন্য ম্যাচে শিলিগুড়ি উল্কা ক্লাব ৪৯ রানে বিবেকানন্দ ক্লাবের বিরুদ্ধে জয় পায়। টসে জিতে উল্কা ২৫ ওভারে ৭ উইকেটে ১৫৭ রান তোলে। শুভঙ্কর দে ৫২ ও শিবম বন্দ্যোপাধ্যায় ৩২ রান করেন। বিশাল রায় ৩৬ রানে নেন ২ উইকেট। জবাবে বিবেকানন্দ ২১.৫ ওভারে ১০৮ রানে গুটিয়ে যায়। ম্যাচের সেরা শিবম ১৭ ও মহম্মদ সেলিম ৩৪ রানে পেয়েছেন ৩ উইকেট। ভালো বোলিং করেন যোগেশকুমার রায় (১৭/২)। শুক্রবার খেলবে শিলিগুড়ি কিশোর সংঘ-মিলনপল্লি স্পোর্টিং ক্লাব ও রবীন্দ্র সংঘ-সুভাষ স্পোর্টিং ক্লাব।

## নবদ্বীপের গোলে



*ম্যাচের সেরার ট্রফি নিয়ে নবদ্বীপ।*

**নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ৫ ডিসেম্বর :** মহকুমা ক্রীড়া পরিষদের শিলিগুড়ি প্রিমিয়ার লিগ পিসি মিত্তাল, নীতীশ তরফদার ও ম্যাজিস্ট্রাল ফার্মা ট্রফি ফুটবলে বৃহস্পতিবার বিবেকানন্দ ক্লাব ১-০ গোলে হারিয়েছে মহানন্দা স্পোর্টিং ক্লাবকে। কাঞ্চনজঙ্ঘা ক্রীড়াঙ্গনে ৪০ মিনিটে নবদ্বীপ নার্জিনারি গোল করেন। ম্যাচের সেরা হয়ে বাসন্তী দে সরকার ট্রফি পেয়েছেন নবদ্বীপ। শুক্রবার খেলবে ওয়াইএমএ ও দেশবন্ধু স্পোর্টিং ইউনিয়ন।

## ব্যাট উপহার রাখিকে

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ৫ ডিসেম্বর : নতুন ব্যাট উপহার পেলেন শিলিগুড়ি জেলা দলের অলরাউন্ডার রাখি রায়। বাতাসির মেয়ে রাখির আর্থিক অসচ্ছলতার কথা জানতে পারেন মহকুমা ক্রীড়া পরিষদের ক্রিকেট সচিব মনোজ ভার্মা। যা তিনি জানান ক্রিকেটপ্রেমী রবি সিংকে। বৃহস্পতিবার সকালে মনোজবাবুর মারফত রাখিকে নতুন ব্যাট উপহার দেন রবি। তিনি অতীতে শিলিগুড়ি জেলা দলের আরেক ক্রিকেটার রত্না বর্মনকেও ব্যাটিং প্যাড উপহার দিয়েছিলেন।

## প্রশান্ত-গণেশ ট্রফি কাল

বাগডোগরা, ৫ ডিসেম্বর : ইয়ং মেন্স স্পোর্টিং অ্যাসোসিয়েশনের অকশন ব্রিজ শনিবার সন্ধে ৬টায় ক্লাব ঘরে শুরু হবে। ক্লাবের আন্তঃক্রীড়া সচিব দীপঙ্কর ঘোষ জানিয়েছেন, চ্যাম্পিয়ন ও রানার্স যথাক্রমে প্রশান্তকুমার দাস এবং গণেশ সরকার ট্রফি পাবে।

## সেমিতে বিপ্লব-বিশ্বজিৎ

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ৫ ডিসেম্বর : মিত্র সম্মিলনীর শ্যামাদেবী ভার্মা ও এসপি ভার্মা ট্রফি মুক্ত অকশন ব্রিজে সেমিফাইনালে উঠলেন বিপ্লব মজুমদার-বিশ্বজিৎ দত্ত, মধু সূত্রধর-বিরাজ দে, সুবোধ অধিকারী-দেবাশিস কর ও অলোক দাস-সুভাষ সাহা। মিত্র সম্মিলনীর আন্তঃক্রীড়া সচিব অমলেন্দু রাহা জানিয়েছেন, শনিবার সেমিফাইনাল রাউন্ডের খেলা হবে।

---

# পানিট্যাঙ্কিতে ফের আগ্নেয়াস্ত্র উদ্ধার

**খড়িবাড়ি, ৫ ডিসেম্বর :** ভারত-নেপাল সীমান্তের পানিট্যাঙ্কিতে আগ্নেয়াস্ত্র সহ একজনকে গ্রেপ্তার করা হল। ধৃতের নাম মহম্মদ মিরাজ, সে নকশালবাড়ির তোতারামজোতের বাসিন্দা। গত তিন মাসের মধ্যে এ নিয়ে দ্বিতীয়বার পানিট্যাঙ্কি থেকে আগ্নেয়াস্ত্র উদ্ধারের ঘটনা ঘটল। আর এটাই এখন পুলিশের দুশ্চিন্তার কারণ। কী ঘটেছিল? পুলিশ ও এসএসবি সূত্রে খবর, নেপাল সীমান্তের ৯০ নম্বর পিলার থেকে প্রায় এক কিলোমিটার দূরে এশিয়ান হাইওয়েতে বুধবার দুপুরে গোপন সূত্রে খবর পেয়ে অভিযান চালান এসএসবি'র ৪১ নম্বর ব্যাটালিয়নের জওয়ানরা।

সেই সময় সড়ক দিয়ে মহম্মদ মিরাজ দ্রুতগতিতে স্কুটার চালিয়ে নেপাল সীমান্তের দিকে যাচ্ছিল। জওয়ানরা স্কুটার থামাতে বলেন। মিরাজ স্কুটার থামিয়ে পালিয়ে যাওয়ার চেষ্টা করলেও সক্ষম হয়নি। ধরে ফেলেন জওয়ানরা। তারপর তল্লাশি চালাতেই উদ্ধার হয় একটি দেশি পিস্তল এবং ম্যাগজিন। ধৃতকে পানিট্যাঙ্কির এসএসবি চেকপোস্টে রাত ১০টা পর্যন্ত জেরা করার পর খড়িবাড়ি পুলিশের হাতে তুলে দেওয়া হয়। খড়িবাড়ি থানার ওসি অভিজিৎ বিশ্বাস জানান, বৃহস্পতিবার ধৃতকে শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দেন বিচারক।

# ধান পোড়ানোর অভিযোগ

**গোয়ালপোখর, ৫ ডিসেম্বর :** এক ব্যক্তির তিন বিঘা জমির ধান পুড়িয়ে ফেলার অভিযোগ ওঠল দুষ্কৃতীদের বিরুদ্ধে। বুধবার গভীর রাতে ঘটনাটি ঘটেছে গোয়ালপোখর থানার জৈনগাঁও এলাকায়। বৃহস্পতিবার সকালে আগুন লাগার বিষয়টি পরিবারের লোকের নজরে আসে। এরপর গোয়ালপোখর থানায় খবর দেওয়া হয়। পুলিশ তদন্ত করছে।

জৈনগাঁওয়ের বাসিন্দা সাহাজাদি বেগমের স্বামী ভিনরাজ্যে শ্রমিক। জমি লিজ নিয়ে এবছর সাহাজাদি তিন বিঘা জমিতে ধান চাষ করেছিলেন। তাঁর কথায়, 'জমির কাটা ধান এক জায়গায় রাখা ছিল। রাতে কেউ বা কারা ধানে আগুন লাগিয়ে দেয়।' তাঁর অভিযোগ, 'এর পিছনে দুষ্কৃতীদের হাত রয়েছে।'

---

# মানঝায় ধর্মকাঁটা নির্মাণে বিতর্ক

মহম্মদ হাসিম

**নকশালবাড়ি, ৫ ডিসেম্বর :** নকশালবাড়ি ব্লক সংলগ্ন বেলগাছি চা বাগানে মানঝা নদীতে ওয়েব্রিজ (ওজন পরিমাপক যন্ত্র বা ধর্মকাঁটা) নির্মাণকে কেন্দ্র করে শুরু হয়েছে বিতর্ক। বৃহস্পতিবার নদীতে এই নির্মাণকাজ বন্ধের দাবিতে বিক্ষোভ দেখান চা বাগানের বাসিন্দারা।

নকশালবাড়ি ও মিরিক ব্লকের বিস্তীর্ণ এলাকাজুড়ে রয়েছে এই বেলগাছি বাগান। ওই দুই ব্লকের মাঝখান দিয়ে বয়ে গিয়েছে মানঝা নদী। সেখানেই বিরাট এলাকাজুড়ে চলছে নদীখননের কাজ। অভিযোগের তির বালি মাফিয়াদের দিকে। অভিযোগ, বাগানের ২৩(এ) সেকশনে নদীঘাটে অবৈধভাবে চলছে কংক্রিটের নির্মাণ। যা নিয়ে গত মঙ্গলবার টি অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়া মারফত মিরিক থানার অন্তর্গত পানিঘাটা ফাঁড়ি, দার্জিলিং পুলিশ সুপার এবং জেলা ভূমি ও ভূমি সংস্কার দপ্তরে অভিযোগ জানান ওই বাগানের ম্যানেজার হরেন্দ্রসিং রাঠোর।

অভিযোগপত্রে জানানো হয়েছে, চা বাগানের জমিতে ওয়েব্রিজ নির্মাণ করে ফের বালি পাচারচক্র সক্রিয় হয়ে উঠতে চাইছে। একইসঙ্গে খননের জেরে জলস্তর অনেকটা নীচে নেমে গিয়েছে। তাঁদের অভিযোগ, এতে বাগানের একাংশ চা গাছের ক্ষতি হচ্ছে। এমনটা চলতে থাকলে আগামীতে বাগান পরিচর্যা করা দায় হয়ে পড়বে।

ম্যানেজারের বক্তব্য, 'অক্টোবরের পরে শুখা মরশুমে জলস্তর নীচে নেমে যাচ্ছে। এতে বাগান রক্ষা করা সম্ভব হবে না।' তিনি আরও বলেন, 'শুনেছি জেলা প্রশাসন খননের অনুমতি দিয়েছে। তবে এ ব্যাপারে কেউ কাগজ দেখাতে পারেনি। সেক্ষেত্রে যেখানে অনুমতি পেয়েছে, সেখানে কাজ করুক।' তাঁর প্রশ্ন, 'কিন্তু বাগানের জমিতে খনন চলছে কেন? বাগানের জমিতে ওয়েব্রিজ নির্মাণ হচ্ছে কেন?'

বিষয়টি নিয়ে দার্জিলিং জেলা ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের আধিকারিক রামকুমার তামাং বলেছেন, 'আমরা অভিযোগপত্র পেয়েছি। নদীতে এই ধরনের নির্মাণকাজ বেআইনি।' তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে বলে তিনি আশ্বাস দিয়েছেন।

ওই বাগানের শ্রমিক মেঘনাদ তেলঙ্গু বলেন, 'নদীর এই অংশে একটি বাঁধ ছিল। খননের জেরে সেটার অস্তিত্ব খুঁজে পাওয়া যাচ্ছে না। এখন বাগানের জমি দখল করে খনন চলছে। রাতে শতাধিক ডাম্পারে বালি-পাথর পাচার হয়ে যাচ্ছে। ওজন করতে এখন অবৈধভাবে ওয়েব্রিজ নির্মাণ করছে।' তাঁর আশঙ্কা, 'এমনটা চলতে থাকলে বাগান আর থাকবে না। আমরা বেকার হয়ে পড়ব।'



*বেলগাছি চা বাগানে মানঝা নদীতে এই নির্মাণ নিয়েই বিতর্ক। বৃহস্পতিবার স্থানীয়দের বিক্ষোভ।*

**খননে ক্ষতি**

- বেলগাছি চা বাগানে মানঝা নদীতে ধর্মকাঁটা নির্মাণ
- বাগান ম্যানেজারের অভিযোগ, এই নির্মাণ অবৈধ
- শ্রমিকদের দাবি, নদীতে খননের জেরে জলস্তর নেমে গিয়েছে
- এতে বাগানের একাংশ চা গাছের ক্ষতি হচ্ছে
- মঙ্গলবার জেলা প্রশাসনের কাছে অভিযোগ দায়ের

---

# আলোচনা সভা

**চোপড়া, ৫ ডিসেম্বর :** বৃহস্পতিবার ছিল বিশ্ব মৃত্তিকা দিবস। সেই উপলক্ষ্যে চোপড়া ব্লক কৃষি দপ্তরের উদ্যোগে চাষিদের নিয়ে আলোচনা সভার আয়োজন করা হয়। চাষিদের বেশি করে জৈব সার ব্যবহারের পরামর্শ দেওয়া হয়। অন্যদিকে, এদিন উত্তর দিনাজপুর কৃষি বিজ্ঞানকেন্দ্রে কৃষকদের সঙ্গে মাটির প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা করা হয়।

### ছোট তারা ★



সৃজা মজুমদার বরাবরই মেধাবী পড়ুয়া হিসেবে পরিচিত। সারদা শিশুতীর্থ স্কুলের দ্বিতীয় শ্রেণির ছাত্রীটি স্কুলে আবৃত্তি প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করেছে।




বাজার সরকার

বাজারের ওঠাপড়া গায়ে লাগবে না যদি আপনি বাজার সরকারের কথা শুনে চলেন

আপনি প্রশ্ন করুন আমাদের ফেসবুক পেজে। শেয়ার ও মিউচুয়াল ফান্ড সংক্রান্ত সব প্রশ্নের জবাব দেবেন

বিনিয়োগ বিশেষজ্ঞ বোধিসত্ত্ব খান

আজ সন্ধে ৬টা

উত্তরবঙ্গ সংবাদের স্টুডিও থেকে

f LIVE

www.facebook.com/uttarbangasambadofficial


## জিএসটি অফিস থেকে ব্যাগ চুরি

**শিলিগুড়ি, ৫ ডিসেম্বর :** এক ব্যক্তির পরনে হাফ প্যান্ট, হাফ হাতা জামা। সটান ঢুকলেন জিএসটি ভবনে। সেন্ট্রাল গুডস অ্যান্ড সার্ভিসেস ট্যাক্সের শিলিগুড়ির কার্যালয়ে এক আধিকারিকের ডেস্কের কাপবোর্ডে রাখা সাইড ব্যাগটি তুলে নিয়ে উধাও হলেন তিনি। সিসিটিভি ফুটেজে এমন দৃশ্য দেখে অবাক সবাই। ওই আধিকারিক ব্যাগ চুরির অভিযোগ দায়ের করেছেন পানিট্যাঙ্কি পুলিশ ফাঁড়িতে।

ঘটনায় প্রশ্নের মুখে সরকারি অফিসের নিরাপত্তা। মাঝেমধ্যেই শহরের বিভিন্ন সরকারি কার্যালয়, ল্যাবরেটরি রুমে হানা দিচ্ছে দুষ্কৃতীরা। এপ্রসঙ্গে শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশের ডিসিপি (ইস্ট) রাকেশ সিং অবশ্য বলছেন, 'সমস্ত জায়গায় আমাদের পেট্রলিং চলছে। নজরদারি রয়েছে।' সম্প্রতি জিএসটি ভবনে চুরির পর ওই আধিকারিক অভিযোগপত্রে লিখেছেন, নভেম্বরের শেষদিকে সকাল দশটা নাগাদ তিনি অফিসের তৃতীয় তলায় নিজের ঘরে আসেন। সঙ্গে একটি সাইড ব্যাগ ছিল। ভেতরে গুরুত্বপূর্ণ জিনিস ছিল। নিজের ডেস্কের কাপবোর্ডে ব্যাগটি রাখার পর নানা কাজে ব্যস্ত হয়ে পড়েন। সন্ধ্যার পর অফিস থেকে বেরোনোর সময় ডেস্কে নজর যেতেই মাথায় হাত। ব্যাগটি সেখান থেকে উধাও। বিস্তর খোঁজাখুঁজির পরও মেলেনি। সিসিটিভি ফুটেজে দেখা হয়। সেখানে চুরির বিষয়টি বুঝতে পারেন সবাই। কিছুদিন আগে রিজিওনাল কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরিতেও চুরি হয়েছিল। এসির তার কেটে নিয়ে গিয়েছিল কেউ বা কারা।

## খুলে গেল প্রবীণদের পার্ক

**শিলিগুড়ি, ৫ ডিসেম্বর :** উদ্বোধনের পর থেকে বন্ধ ছিল প্রবীণ নাগরিকদের জন্য তৈরি উদ্যান। সেই সংক্রান্ত খবর প্রকাশিত হয়েছিল উত্তরবঙ্গ সংবাদে। তারপরেই হুঁশ ফিরল প্রশাসনের। ২০২১ সালে উদ্বোধন হওয়া প্রবীণদের পার্কের দরজা খুলল ২০২৪ সালে। শিলিগুড়ি পুরনিগমের ২২ নম্বর ওয়ার্ডের

**খবরের জের**

সূর্য সেন স্ট্রিটে অবস্থিত পার্কটির নাম 'শৈশবের খোঁজ'। পার্কে ছেয়ে যাওয়া আগাছা সাফাই করে অবসর সময় কাটানোর উপযুক্ত করে তোলা হয়েছে। প্রশাসনের পদক্ষেপে হাসি ফুটেছে স্থানীয় নৃপেন্দ্রনাথ কুণ্ডু, নানু দে, কাঁলাচাদ সেনগুপ্ত, সাধন পাল, রথীন সরকারদের মুখে। কাঁলাচাদ বলছেন, 'আমরা খুব খুশি হয়েছি পার্ক খুলে যাওয়ায়। এবার সেখানে বন্ধুবান্ধবরা মিলে আড্ডা দিতে পারব।' একই সুর নৃপেন্দ্রনাথ কুণ্ডুর গলায়। স্থানীয় বাসিন্দা তাপসী সান্যালের কথায়, 'মঙ্গলবার দেখলাম দুজন এসে পার্ক পরিষ্কার করল। তারপর থেকে দেখছি, গেট খুলে গিয়েছে। প্রবীণরা গল্পগুজব করছেন, বেশ ভালো লাগছে দেখে।'

**সতর্ক হচ্ছে এনফোর্সমেন্ট ব্রাঞ্চ**

# গাড়ির পাঁচশো নকল যন্ত্রাংশ দুই দোকানে

**শমিদীপ দত্ত**

**শিলিগুড়ি, ৫ ডিসেম্বর :** আসল-নকলের ফারাক বুঝতে গিয়ে কপালে ভাঁজ শহরবাসীর। শিলিগুড়িতে এনফোর্সমেন্ট ব্রাঞ্চের একের পর এক অভিযানে বাড়তে শুরু করেছে আশঙ্কা। কখনও আন্তর্জাতিক সংস্থার নাম ভাঁড়িয়ে বিক্রি হচ্ছে ভুয়ো পার্টস, কখনও দোকানে মিলছে গাড়ি প্রস্তুতকারী সংস্থার ভুয়ো যন্ত্রাংশ। দেদারে বিকোচ্ছে টিন, আঠা ইত্যাদি। প্রশ্ন উঠছে, শহরের বাজার কি তাহলে ছেয়ে যাচ্ছে নকল সামগ্রীতে?

আসল-নকলের মধ্যে ফারাক বোঝার উপায় কী, সেবিষয়ে নির্দিষ্ট কোনও পরামর্শ দিতে পারছেন না এনফোর্সমেন্ট ব্রাঞ্চের কর্তারা। তাঁরা বলছেন, যে সমস্ত সংস্থার নাম ব্যবহার করে ভুয়ো সামগ্রী বিক্রি হচ্ছে, তারা অভিযোগ না জানালে বেআইনি কারবারে লাগাম পরানো মুশকিল। কর্তাদের অনুরোধ, যদি কেউ প্রতারণার শিকার হন, তাঁরা যেন তৎক্ষণাৎ পুলিশের সঙ্গে যোগাযোগ করেন। শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের এসিপি (ইবি) ফারুক মহম্মদ চৌধুরীর বার্তা, 'আপনাদের যখন কোনও সামগ্রী দেখে মনে হবে যে, সেটা নকল, সঙ্গে সঙ্গে কমিশনারেটের অফিসে এসে জানান। নয়তো ৮৬৯৭০০৪৪০৩ নম্বরে হোয়াটসঅ্যাপে মেসেজ করুন।'

বৃহস্পতিবার একটি গাড়ি নির্মাতা সংস্থার অভিযোগের ভিত্তিতে দাগাপুর ও দার্জিলিং মোড়ের দুটো অটোমোবাইলের দোকানে অভিযান চালায় এনফোর্সমেন্ট ব্রাঞ্চ। সেখানে বড় বড় হোর্ডিংয়ে ওই সংস্থার আসল পার্টস পাওয়া যায় বলে লেখা ছিল। এদিকে অভিযান চালাতেই দেখা যায়, তাদের কাছে সংস্থার দেওয়া অথরাইজেশন নেই। আদতে বিক্রি হচ্ছে ভুয়ো যন্ত্রাংশ।



*দাগাপুরে বাজেয়াপ্ত নকল সামগ্রী। বৃহস্পতিবার।*

সংস্থার প্রতিনিধিদের উপস্থিতিতে দুটো অটোমোবাইলের দোকান থেকে পাঁচশোরও বেশি নকল পার্টস বাজেয়াপ্ত করা হয়েছে বলে এনফোর্সমেন্ট ব্রাঞ্চের তরফে জানানো হয়।

**জাল ছড়াচ্ছে**

- ইলেক্ট্রনিক্স প্রস্তুতকারী সংস্থার নকল পার্টস, সামগ্রী বাজেয়াপ্ত এর আগে
- এবার দুটো অটোমোবাইলের দোকানে মিলল গাড়ির ভুয়ো যন্ত্রাংশ
- অভিযোগ, একাধিক ব্যবসায়ী আসলের নাম ভাঁড়িয়ে বিকোচ্ছেন নকল
- ওইসব সামগ্রীর অধিকাংশ আসছে দিল্লি থেকে
- প্রতারিত হলে পুলিশের দ্বারস্থ হওয়ার বার্তা কর্তার

এই প্রথম নয়। নভেম্বরের ঘটনা। একটি মোবাইল সার্ভিস সেন্টারের তিনটে আউটলেটে নামী ইলেক্ট্রনিক্স প্রস্তুতকারী সংস্থার অথরাইজেশন রয়েছে বলে দাবি করে ব্যবসা চলছিল দীর্ঘদিন ধরে। মোবাইল, ল্যাপটপ সারাতে যেতেন অনেকে। যদিও পরে দেখা যায়, সেখানে আসল বলে লাগানো হত ভুয়ো পার্টস। সার্ভিস সেন্টারের মালিককে গ্রেপ্তার করা হয়। একই মাসে বিধান রোড সংলগ্ন একাধিক দোকানে অভিযান চালিয়ে ওই সংস্থার ভুয়ো সামগ্রী মেলে। কয়েকমাস আগে ভক্তিনগর থানা এলাকায় একটি গোডাউনে প্রসিদ্ধ সংস্থার নামে বিক্রি হচ্ছিল নকল টিন।

অভিযোগ, শহরের সেবক মোড় থেকে দাগাপুর সহ বিভিন্ন জায়গায় ব্যবসায়ীদের একাংশ নামী সংস্থাগুলোর বিজ্ঞাপন দিয়ে ভুয়ো সামগ্রী বিক্রির ফাঁদ পাতছে। সূত্রের খবর, অধিকাংশ নকল সামগ্রী আসছে দিল্লি থেকে। বাদ পড়ছে না আঠা, সিগারেট কিংবা লাইটার। এব্যাপারে বৃহত্তর শিলিগুড়ি খুচরো ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক বিপ্লব রায় মুহুরির প্রতিক্রিয়া, 'কিছু কেনার আগে ক্রেতাদের সতর্ক থাকতে হবে। বিক্রেতাদের অবশ্যই আমরা সচেতন করছি। অনেকসময় তাঁরা না জেনে নকল সামগ্রী নিয়ে আসছেন। প্রশাসনকেও নজর রাখতে হবে।'

## উত্তরবঙ্গ বইমেলার সূচনা আজ

**শিলিগুড়ি, ৫ ডিসেম্বর :** গ্রেটার শিলিগুড়ি পাবলিশার্স অ্যান্ড বুক সেলার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের তরফে শিলিগুড়ির কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়াম মেলা প্রাঙ্গণে শুরু হতে চলেছে ৪২তম উত্তরবঙ্গ বইমেলা। মেলার আনুষ্ঠানিক উদ্বোধন হবে আগামী ৭ ডিসেম্বর।

৬ ডিসেম্বর শুক্রবার কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়ামের সুইমিং পুলের সামনে থেকে একটি শোভাযাত্রার মধ্যে দিয়ে মেলার সূচনা হবে। বৃহস্পতিবার সাংবাদিক বৈঠকে একথা জানিয়েছেন শিলিগুড়ির মেয়র গৌতম দেব। সেখানে ছিলেন উত্তরবঙ্গ বইমেলা কমিটির যুগ্ম আহ্বায়ক মধুসূদন সেন, আশিস বন্দ্যোপাধ্যায় প্রমুখ।

৭ ডিসেম্বর মেলা উদ্বোধন করবেন অভিনেতা অনির্বাণ চক্রবর্তী এবং লেখক অর্পিতা সরকার। প্রধান অতিথি হিসেবে থাকবেন মেয়র। বিশেষ অতিথি চলচ্চিত্র পরিচালক ও অভিনেতা জয়দীপ মুখোপাধ্যায় এবং লেখক সম্রাজ্ঞী বন্দ্যোপাধ্যায়।

সদ্যপ্রয়াত নাট্যকার-অভিনেতা মনোজ মিত্রের স্মরণে এবছর বইমেলার সাংস্কৃতিক মঞ্চের নামকরণ করা হয়েছে- মনোজ মিত্র মঞ্চ। ১০ দিনব্যাপী এই বইমেলা শেষ হবে ১৫ ডিসেম্বর। এবছর বইমেলায় ৯৪টি স্টল থাকছে। তবে প্রয়োজনে কয়েকটি স্টল বাড়ানো হতে পারে।

বইমেলা কমিটির তরফে জানানো হয়েছে গতবছর প্রায় পাঁচ কোটি টাকার ব্যবসা হয়েছিল। এবছর আরও ভালো হবে আশাবাদী উদ্যোক্তারা।

মেলায় প্রবেশমূল্য ২০ টাকা। তবে পড়ুয়াদের ১০ টাকা। কোনও স্কুলের উদ্যোগে যদি পড়ুয়াদের নিয়ে আসা হয়, সেক্ষেত্রে প্রবেশমূল্য নেওয়া হবে না। এবছর মেলা থেকে স্মারক সম্মান দেওয়া হবে শিলিগুড়ির রম্যানি গোস্বামী এবং বালুরঘাটের সন্দীপন নন্দীকে।



*তখন সকাল ৬টা ১৫। ফাঁকা মহাবীরস্থানে আগুনের আঁচে স্বস্তির খোঁজ। বৃহস্পতিবার। ছবি : অরিন্দম চন্দ*

## ট্র্যাক্টরের ধাক্কায় মৃত্যু

**শিলিগুড়ি, ৫ ডিসেম্বর :** বেপরোয়া ট্র্যাক্টরের ধাক্কায় মৃত্যু হল এক ডাককর্মীর। মৃতের নাম দেবরিতা দাস (৩৩)। তিনি শিলিগুড়ির অরবিন্দপল্লিতে ভাড়াবাড়িতে থাকতেন। দেবরিতা মিলনপল্লির হাউজিং এলাকায় শিলিগুড়ি বাজার পোস্ট অফিসে কর্মরত ছিলেন। এদিন সন্ধ্যায় কাজ শেষ করে স্কুটারে চেপে বর্ধমান রোড হয়ে মিলনপল্লির রাস্তা ধরে বাড়ি ফেরার জন্য বেরিয়েছিলেন। সেসময় মিলনপল্লির রাস্তায় ঢোকার মুখে একটি ট্র্যাক্টর পেছন থেকে ধাক্কা মারে বলে অভিযোগ। পথচারীদের মধ্যে একজনের দাবি, 'ট্র্যাক্টরটি পালিয়ে যাওয়ার চেষ্টা করে। কিন্তু স্থানীয়দের তৎপরতায় আটকে দেওয়া হয়।' স্কুটারটি উদ্ধার করে থানায় নিয়ে আসে তারা। ট্র্যাক্টর সহ চালককে আটক করে থানায় আনে পুলিশ। চিকিৎসক দেবরিতাকে মৃত বলে ঘোষণা করেন। শুক্রবার দেহটি ময়নাতদন্তের জন্য উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠানো হবে। তারপর দেহটি তুলে দেওয়া হবে পরিবারের হাতে। এদিন রাত পর্যন্ত পুলিশের কাছে অভিযোগ দায়ের হয়নি বলে খবর।

## প্রস্তুতি

**শিলিগুড়ি, ৫ ডিসেম্বর :** প্রতিবছর বড়দিন উপলক্ষ্যে আলোয় মুড়ে যায় শিলিগুড়ি। পুরনিগমের তরফে একাধিক ব্যবস্থা নেওয়া হয়। চমক থাকছে এবছরও। শহর সাজানো হবে হরেকরকমের আলো, সান্তাক্লজের মডেল দিয়ে। বিশেষ অনুষ্ঠান আয়োজনের পরিকল্পনা নেওয়া হচ্ছে। বৃহস্পতিবার বড়দিনের আয়োজন নিয়ে পুরনিগমের পদাধিকারীরা প্রস্তুতি বৈঠকে বসেছিলেন। ২৪ ডিসেম্বর থেকেই শুরু হয়ে যাবে উদযাপন। সেদিন বিকেল পাঁচটা থেকে এয়ারভিউ মোড়ে শুরু হবে অনুষ্ঠান। একাধিক মিশনারি স্কুল, যাদের ব্যান্ড রয়েছে, আমন্ত্রণ জানানো হবে তাদের। যোগাযোগ করা হচ্ছে চার্চগুলোর সঙ্গেও। শিশুদের মধ্যে বিতরণ করা হবে কেক।'

**অগ্নিনির্বাপণ ব্যবস্থায় খামতি**

# বড় বিপদের আশঙ্কা সেবক রোডের মলে

**সাগর বাগচী**

**শিলিগুড়ি, ৫ ডিসেম্বর :** অগ্নিনির্বাপণ ব্যবস্থায় খামতির অভিযোগ উঠেছে সেবক রোডের একটি শপিং মলের বিরুদ্ধে। বিষয়টি সামনে আসতেই বুধবার অগ্নিনির্বাপণ দপ্তর থেকে তাদের নোটিশ পাঠানো হয়েছে। সূত্রের খবর, দপ্তরের তরফে রীতিমতো পয়েন্ট করে মলে অগ্নিনির্বাপণ ব্যবস্থায় ১২টি খামতির কথা তুলে ধরা হয়েছে। মলটিতে একাধিক পাব, বার, রেস্তোরাঁ সহ অন্য দোকানপাট রয়েছে। সেখানে কোনওভাবে আগুন লাগলে বড় বিপদের আশঙ্কা করছেন অনেকেই। এবিষয়ে মলের ওয়েলফেয়ার ট্রাস্টের সভাপতি রবি গুপ্তা বলছেন, 'বর্তমানে বাইরে রয়েছি। আলোচনা করে পরে এই বিষয়ে কথা বলব।'

পাশাপাশি ওই শপিং মলে অবৈধ নির্মাণের অভিযোগও রয়েছে। অভিযোগ, তারপরও পুরনিগম কোনও পদক্ষেপ করছে না। এপ্রসঙ্গে শিলিগুড়ি পুরনিগমের মেয়র গৌতম দেবের বক্তব্য, 'মলটির বিরুদ্ধে বেশ কিছু অভিযোগ রয়েছে। যা নিয়ে আমরা আলোচনা করেছি। সমস্তটা খতিয়ে দেখা হচ্ছে। অভিযোগ প্রমাণিত হলে নিয়ম মোতাবেক ব্যবস্থা নেওয়া হবে।'৪১ নম্বর ওয়ার্ডে থাকা মলটির একাধিক খামতি নিয়ে বহুদিন ধরে সরব স্থানীয় বাসিন্দা আনন্দকুমার বনসালি। ওই মলে এক সময় তাঁর দোকান ছিল। সম্প্রতি তিনি তথ্য জানার অধিকার আইনে অগ্নিনির্বাপণ দপ্তরের কাছে মলের বিষয়ে জানতে চান।

**দপ্তরের নোটিশ**

- সেবক রোডের মলটিতে একাধিক পাব, বার, রেস্তোরাঁ সহ অন্য দোকানপাট রয়েছে
- অভিযোগ, নেই ফায়ার অ্যালার্ম, স্মোক অ্যালার্ম
- দেড়শোর বেশি রান্নার গ্যাস সিলিন্ডার বিপজ্জনকভাবে রাখা হয়
- ২০১৬ থেকে মলের ফায়ার লাইসেন্সের পুনর্নবীকরণ হয়নি
- বুধবার অগ্নিনির্বাপণ দপ্তর থেকে কর্তৃপক্ষকে নোটিশ পাঠানো হয়েছে

বৃহস্পতিবার সাংবাদিক বৈঠক করে আনন্দ বলেছেন, 'তথ্য জানার আইনে অগ্নিনির্বাপণ দপ্তর থেকে আমি জানতে পেরেছি, ২০১৬ থেকে মলের ফায়ার লাইসেন্সের পুনর্নবীকরণ হয়নি। সেখানে ১২টি পাব ও রেস্তোরাঁ চলছে বলা হলেও বাস্তবে চলছে ১৭টি পাব, রেস্তোরাঁ।' আনন্দের সংযোজন, 'দেড়শোর বেশি রান্নার গ্যাস সিলিন্ডার মলটিতে বিপজ্জনকভাবে রাখা হয়। তথ্য জানার আইনে জেনেছি, সেখানে ফায়ার অ্যালার্ম, স্মোক অ্যালার্ম কিছুই নেই। কোনও প্রশিক্ষিত কিংবা দক্ষ ব্যক্তিকে প্রাথমিক পর্যায়ে আগুন নেভাতে নিযুক্ত করা হয়নি। ফায়ার ফাইটিং সিস্টেম অকার্যকর। সঙ্গে তো অবৈধ নির্মাণ রয়েছেই।' গোটা বিষয়টি জানিয়ে পুরনিগমকে চিঠি দেওয়ার পরও কোনও কাজ হয়নি বলে অভিযোগ আনন্দর। তিনি ওয়ার্ড কাউন্সিলারের বিরুদ্ধে ক্ষোভ উগরে দিয়েছেন।

কাউন্সিলার সিবিকা মিত্তলের বক্তব্য, 'অগ্নিনির্বাপণ দপ্তর যখন গোটা বিষয়টি দেখছে, সেখানে তো আমাদের কিছু বলার নেই।' পুরনিগম অবৈধ নির্মাণের বিষয়টি খতিয়ে দেখছে বলে তিনি জানিয়েছেন।

## বাইক ফেরায়নি

**শিলিগুড়ি, ৫ ডিসেম্বর :** এক ঘণ্টার জন্য মোটরবাইক নিয়েছিলেন বন্ধু। তারপর কেটে গিয়েছে চার মাস। বাইক ফেরত না দেওয়ায় বন্ধুর বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের করলেন কুণাল রায় নামে এক ব্যক্তি। তাঁর দাবি, এবছরের ২২ জুলাই তাঁর কাছ থেকে মোটরবাইকটি ১ ঘণ্টার জন্য চেয়েছিলেন সৈয়দ আখতার। বন্ধুকে বিশ্বাস করে শিলিগুড়ির সেবক রোডে বাইকের চাবি তাঁর হাতে তুলে দেন কুণাল। অভিযোগ, বারবার অনুরোধ জানালেও নানা অজুহাতে সৈয়দ কুণালকে এড়িয়ে যেতেন। তাই বাধ্য হয়ে ভক্তিনগর থানার দ্বারস্থ হলেন তিনি। পুলিশ তদন্ত শুরু করেছে।



*কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়াম মেলা প্রাঙ্গণে বইমেলার প্রস্তুতি খতিয়ে দেখছেন মেয়র গৌতম দেব। বৃহস্পতিবার।*

# কোনও উদ্যানে নেশার ঠেক, কোনওটিতে তালা

**মাম্পি চৌধুরী**

**শিলিগুড়ি, ৫ ডিসেম্বর :** রক্ষণাবেক্ষণের অভাবে ধুঁকছে শিলিগুড়ির ৩১ এবং ৩৪ নম্বর ওয়ার্ডের বেশকিছু শিশু এবং প্রবীণদের উদ্যান। সকাল কিংবা সন্ধে, কোনও সময়েই খুদে ও বয়স্করা উদ্যানে যেতে পারছেন না। অভিযোগ, ৩৪ নম্বর ওয়ার্ডের নেতাজি শিশু উদ্যান বর্তমানে সমাজবিরোধীদের আখড়া হয়ে উঠেছে। সন্ধে নামলে চলে অসামাজিক কার্যকলাপ, মাদক সেবন। স্থানীয় বাসিন্দারা প্রতিবাদ করলেই জুটছে গালিগালাজ, মারধরের হুমকি।

একসময় উদ্যানটি বন দপ্তরের অধীনে থাকলেও, পরে পুরনিগম দায়িত্ব নেয়। অভিযোগ, তারপর থেকে পরিকাঠামো উন্নয়নে কোনওরকম পদক্ষেপ করা হয়নি। পার্কের প্রবেশদ্বারে রয়েছে চায়ের গুমটি। সেখানে অটো-টোটো চালকরা ভিড় জমান। দিনেরবেলাতেও পার্কের ভেতরে আড্ডার আসর বসে। এসব কারণে স্থানীয়দের মনে ক্ষোভ জমছে। তাঁদের মধ্যে নমিতা দাসের দাবি, 'পার্কটি পুনরায় বন দপ্তরের হাতে তুলে দিলে পার্ক ও তার পরিবেশ দুটোই ভালো থাকবে।' একই কথা স্থানীয় অপু দাস, ননীগোপাল দাসের। ৩৪ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার বিমান তপাদারের প্রতিক্রিয়া, 'জানি পার্কটির অবস্থা খুব খারাপ। ২০২৫ সালে নতুন করে এটা তৈরি করা হবে।'

৩১ নম্বর ওয়ার্ডে বিবেকানন্দ শিশু উদ্যান এবং প্রবীণ নাগরিকদের জন্য তৈরি একটি উদ্যানের প্রায় একই দশা। ২০১১ সালে বর্তমান মেয়র তথা তৎকালীন বিধায়ক গৌতম দেব বিধায়ক কোটায় শক্তিগড় শৈলেন্দ্র স্মৃতি পাঠাগার এবং ক্লাবের জমিতে বিবেকানন্দ শিশু উদ্যান তৈরি করেছিলেন। এখন রক্ষণাবেক্ষণের অভাবের ছাপ স্পষ্ট। বাচ্চাদের খেলার সরঞ্জামগুলো ভাঙাচোরা। ভেঙেছে দেওয়ালও। ক্লাবের সম্পাদক কৌশিক দত্তর কথায়, 'আমরা পুরনিগমে আবেদন জানিয়েছি। মেয়রের সঙ্গে আমার কথা হয়েছে। তিনি আশ্বাস দিয়েছেন, পার্কটিকে নতুন করে সাজানো হবে।'





*বিবেকানন্দ শিশু উদ্যানে ভাঙা সরঞ্জাম (বাঁদিকে)। নেতাজি শিশু উদ্যানে বড়দের আড্ডা। বৃহস্পতিবার।*

২০১৪ সালে এই ওয়ার্ডে পিএইচই'র জলের ট্যাংকের পেছনে প্রবীণদের জন্য উদ্যান তৈরি করা হয়েছিল। সেটারও জরাজীর্ণ অবস্থা। স্থানীয় সত্তরোর্ধ্ব অসীম ভট্টাচার্য কিছুটা ক্ষোভের সুরে বলেন, '৩১ নম্বর ওয়ার্ডের সবক'টি পার্কের অবস্থা খারাপ। প্রবীণদের জন্য তৈরি পার্কটি বানানোই সার। সবসময় তালা ঝোলানো থাকে। বলরাম পার্কে আলোর ব্যবস্থা নেই।' ৬৬ বছরের নিতাই রায় জানেনই না এখানে প্রবীণদের জন্য উদ্যান রয়েছে। কাউন্সিলার মৌমিতা মণ্ডলের আশ্বাস, 'খুব তাড়াতাড়ি পার্কগুলোর সংস্কারে হাত দেওয়া হবে। প্রবীণদের উদ্যানও খুলে দেওয়া হবে।'

শহরের একাধিক উদ্যানের বেহাল দশা সম্পর্কে অবগত থাকা সত্ত্বেও কেন সংস্কারের উদ্যোগে দেরি হচ্ছে, সেই ইস্যুতে প্রশাসনের ভূমিকায় প্রশ্ন উঠতে শুরু করেছে।

**নাগরিক সমস্যা**

**কোনটা কেমন**

- ৩৪ নম্বর ওয়ার্ডের নেতাজি শিশু উদ্যানে সন্ধ্যায় অসামাজিক কার্যকলাপ
- ৩১ নম্বর ওয়ার্ডে বিবেকানন্দ শিশু উদ্যানে খেলার সরঞ্জাম ভাঙা
- একই ওয়ার্ডে প্রবীণ নাগরিকদের পার্কের বেহাল পরিস্থিতি, দরজায় তালা



*সেবক রোডের একটি শপিং মলের দেওয়াল ঘেঁষে মজুত গ্যাস সিলিন্ডার।*

## মৃত্যুবার্ষিকীতে বস্ত্র বিলি

**শিলিগুড়ি, ৫ ডিসেম্বর :** বিমলচন্দ্র পালের মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে বৃহস্পতিবার দুঃস্থ মহিলাদের হাতে নতুন বস্ত্র তুলে দিল বিমলচন্দ্র পাল ও আরতি পাল মেমোরিয়াল ওয়েলফেয়ার অর্গানাইজেশন। ২৩ নম্বর ওয়ার্ডের সূর্যনগরে আয়োজিত এক অনুষ্ঠানে এদিন প্রায় আটশো মহিলাকে শাড়ি দেওয়া হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেয়র গৌতম দেব। দুঃস্থদের হাতে নতুন বস্ত্র তুলে দেন তৃণমূল কংগ্রেসের জেলা সভানেত্রী পাপিয়া ঘোষ, স্থানীয় কাউন্সিলার লক্ষ্মী পাল, সংগঠনের সাধারণ সম্পাদক বাবলু পাল প্রমুখ।

